BCS PIONEER

BCS PIONEER অ্যাপ - আপনার প্রস্তুতির সেরা সঙ্গী

বিষয়/টপিক: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (DNC)-এর সিনিয়র স্টাফ নার্স: ২৯-০৮-২০২৫ ইং

মোট প্রশ্ন: 68 টি

1. 'অতিমাত্রা' কোন সমাস?

(ক) প্রাদি সমাস
(খ) কর্মধারয়
(গ) নঞ তৎপুরুষ
(ঘ) অব্যয়ীভাব

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে।
- 'অতিমাত্রা' অব্যয়ীভাব সমাস যার ব্যাসবাক্য 'মাত্রাকে অতিক্রান্ত'।
আরও উদাহরণ:

- বেলাকে অতিক্রান্ত = উদ্বেল,
- শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল ইত্যাদি।

2. কাজী নজরুল ইসলামের রচনা কোনটি?

(ক) সঞ্চালিনী
(খ) সঞ্চয়িতা
(গ) সঞ্চারিণী
(ঘ) সঞ্চিতা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
'সঞ্চিতা' (১৯২৮) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত কাব্য সংকলন গ্রন্থ।
- এ গ্রন্থে ৭৮টি কবিতা ও ১৭টি গান রয়েছে।
- সংকলনটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করা হয়েছে।
- এ গ্রন্থের কবিতাগুলোতে কবির রোমান্টিকতা, দুঃখবোধসহ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তার বিদ্রোহী চেতনা প্রকাশিত হয়েছে।

3. 'Cut up' means-

(ক) discount
(খ) reduce
(গ) dislocate
(ঘ) separate

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
"Cut up" অর্থ কেটে বাদ দেওয়া বা বিভাজন করা। তাই সঠিক উত্তর হবে seperate.

4. If you had informed me earlier, I ____ you.

(ক) would
(খ) will have met
(গ) would have met
(ঘ) would meet

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Third conditional-এর সূত্র অনুযায়ী if clause-টি past perfect tense হয় এবং অন্য clause-টি perfect modal হয় (subject + would have + V_3 + object)।
- তাই শূন্যস্থানে would have met বসবে।

5. বাংলাদেশে বাস করেন না এমন উপজাতির নাম-

(ক) সাঁওতাল
(খ) মাউরি
(গ) গারো
(ঘ) মুরং

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মাউরি উপজাতি বসবাস করে নিউজিল্যান্ডে। উল্লেখ্য,
- বর্তমানে বাংলাদেশে ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাস করে।
- এর মধ্যে বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী চাকমা।

6. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?

(ক) ১৮০ ডিগ্রি
(খ) ২৭০ ডিগ্রি
(গ) ৩৬০ ডিগ্রি
(ঘ) ৫৪০ ডিগ্রি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ৬০ সেকেন্ডে চাকাটি ঘুরে = ৯০ বার
∴ ১ সেকেন্ডে চাকাটি ঘুরে = ৯০/৬০ বার = ৩/২ বার = ১.৫ বার
এখন, গাড়ির চাকা ১ বার ঘুরে অতিক্রম করে = ৩৬০°

BCS PIONEER

∴ গাড়ির চাকা ৩/২ বার ঘুরে অতিক্রম করে = (৩৬০× ৩)°/২
= ৫৪০°

7. C.G.S. পদ্ধতিতে দৈর্ঘ্যের একক কী?

(ক) ডেকামিটার (খ) ডেসিমিটার
(গ) মিটার (ঘ) সেন্টিমিটার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
CGS পদ্ধতিতে দৈর্ঘ্যের একক সেন্টিমিটার, ভরের একক গ্রাম এবং সময়ের একক সেকেন্ড।

8. ৫ থেকে ১১ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর গুণফল কত?

(ক) ৩৭৫ (খ) ৩৬৫
(গ) ৩৯৫ (ঘ) ৩৮৫

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ৫ থেকে ১১ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হচ্ছে = ৫, ৭ ও ১১
∴ গুণফল = ৫ × ৭ × ১১ = ৩৮৫

9. নবায়নযোগ্য শক্তি উৎসের একটি উদাহরণ হলো-

(ক) পারমাণবিক জ্বালানি (খ) পীট কয়লা
(গ) ফুয়েল সেল (ঘ) সূর্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
যেসব শক্তির উৎস অফুরন্ত এবং বারবার ব্যবহার করা যায় তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলা হয়।
যেমন; সূর্য, পানি, বায়ু, বায়োমাস, সমুদ্রের ঢেউ ইত্যাদি হলো নবায়নযোগ্য শক্তির উৎসের উদাহরণ।

10. বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়?

(ক) ৫৮তম (খ) ৫৯তম
(গ) ১২৯তম (ঘ) ৬০তম

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বাংলাদেশের রাজধানী ঢাকার একটি দ্রুতগামী গণপরিবহণ হলো মেট্রোরেল। ৫ নভেম্বর ২০২৩ এমআরটি লাইন-৬ আগারগাঁও-মতিঝিল অংশে যাত্রী চলাচল শুরু হয়।
- এর মাধ্যমে বাংলাদেশ ৬০তম দেশ হিসেবে মেট্রোরেল পরিবহণব্যবস্থায় যুক্ত হয়।
- এশিয়ার ২২তম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল সেবা চালু হয়।
- বিশ্বে ১ম মেট্রোরেল সেবা ১৮৬৩ সালে চালু হয় লন্ডনে।

11. বিশ্বের সবচেয়ে বেশি মুসলিম অধ্যুষিত দেশ কোনটি?

(ক) সৌদি আরব (খ) ইরান
(গ) ইন্দোনেশিয়া (ঘ) পাকিস্তান

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বিশ্বের সবচেয়ে বড় মুসলিম অধ্যুষিত দেশ হলো ইন্দোনেশিয়া।
- দেশটির মোট জনসংখ্যা ২৮ কোটি ৫৭লাখ,
- যার মধ্যে মুসলিম জনসংখ্যা ২৪ কোটি ২৭ লাখ।
- বর্তমানে দেশটিতে মুসলিম জনসংখ্যা মোট জনসংখ্যার ৮৮.২৫ শতাংশ।

12. ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কতদিনে করতে পারবে?

(ক) ২৫ দিনে (খ) ৩০ দিনে
(গ) ৩৫ দিনে (ঘ) ৪০ দিনে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ক ও খ একত্রে ১২ দিনে করতে পারে = ১ টি কাজ
∴ ক ও খ একত্রে ১ দিনে করতে পারে কাজের = ১/১২ অংশ
আবার, ক একা ২০ দিনে করতে পারে = ১ টি কাজ
∴ ক একা ১ দিনে করতে পারে কাজটির ১/২০ অংশ এখন,
খ একা ১ দিনে করতে পারবে কাজের = {(১/১২) - (১/২০)} অংশ
= ১/৩০ অংশ খ একা ১/৩০ অংশ করতে পারে = ১ দিনে
∴ খ একা ১ বা সম্পূর্ণ অংশ করতে পারে = ৩০ দিনে ।

13. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

(ক) ৪ (খ) ৯
(গ) ১২ (ঘ) ৬

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মনে করি ,বৃত্তের ব্যাসার্ধ =r এবং '' ব্যাস =2r
অতএব, বৃত্তের ক্ষেত্রফল = πr^2
বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে নতুন ব্যাস =৩×২r =৬r
নতুন বৃত্তের ব্যাসার্ধ =৬r/২=৩r নতুন বৃত্তের ক্ষেত্রফল = $\pi(3r)^2$
= $9\pi r^2$ = ৯× প্রথম বৃত্তের ক্ষেত্রফল
বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে ক্ষেত্রফল ৯ গুণ বৃদ্ধি পাবে।

BCS PIONEER

14. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭:৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩: ৭ হবে?

(ক) ৮০ (খ) ৭২

(গ) ৯০ (ঘ) ৮৫

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: কেরোসিন ও পেট্রোলের অনুপাত = ৭ : ৩
অনুপাতের যোগফল = ৭ + ৩ = ১০
∴ কেরোসিনের পরিমাণ= ৬০ এর (৭/১০) = ৪২ লিটার
∴ পেট্রলের পরিমাণ = ৬০ এর (৩/১০) = ১৮ লিটার ধরি,
ক লিটার পেট্রোল মিশাতে হবে। প্রশ্নমতে, ৪২ : (১৮ + ক) = ৩ : ৭
⇒ ৪২/(১৮ + ক) = ৩/৭ ⇒ ৫৪ + ৩ক = ২৯৪ ⇒ ৩ক = ২৪০
∴ ক = ৮০ লিটার

15. ১ + ৫ + ৯ + ১৩+ ... ধারাটির ১৫তম পদ কত হবে?

(ক) ৪৪ (খ) ৫৭

(গ) ৫৪ (ঘ) ৬৬

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: এটি একটি সমান্তর ধারা। প্রথম পদ, a = 1
সাধারণ অন্তর, d = 5 - 1 = 4 সমান্তর ধারার n তম পদের সূত্র:
a n = a + (n - 1)d a 15 = a + (15 - 1)d
= 1 + (15 - 1) × 4 = 1 + 14 × 4 = 1 + 56 = 57
∴ ধারাটির 15-তম পদ 57.

16. ERD-এর পূর্ণরূপ কী?

(ক) Economic Relations Division

(খ) Economic Resource Division

(গ) Economic Relations Department

(ঘ) External Resource Division

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
ERD-এর পূর্ণরূপ Economic Relations Division (অর্থনৈতিক সম্পর্ক বিভাগ) বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের চারটি বিভাগের অন্যতম। অন্য তিনটি বিভাগ হলো- অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

17. কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে ফলাফল হবে ৬০। সংখ্যাটি কত?

(ক) ২৫০ (খ) ২০০

(গ) ১০০ (ঘ) ৩০০

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: সংখ্যাটি x হলে, x × 60% - 60 = 60 বা, 6x/10 = 120
সুতরাং, x = 200

18. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা কে?

(ক) আইন মন্ত্রী (খ) আইন সচিব

(গ) অ্যাটর্নি জেনারেল (ঘ) সলিসিটর

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তাকে অ্যাটর্নি জেনারেল বলা হয়। রাষ্ট্রপতি এডহক ভিত্তিতে অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেন।

19. 'বিনির্মাণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে?

(ক) সংকোচন (খ) নেতিবাচক

(গ) প্রসারণ (ঘ) বিশেষভাবে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'বিনির্মাণ' শব্দের 'বি' উপসর্গটি 'বিশেষ' অর্থে প্রযুক্ত হয়েছে। 'বিশেষ' অর্থে 'বি' উপসর্গযোগে গঠিত আরও শব্দ— বিজ্ঞান, বিবস্ত্র, বিমূর্ত, বিশুদ্ধ, বিশুষ্ক ইত্যাদি। এটি তৎসম উপসর্গ।

20. 'পানি' শব্দের প্রতিশব্দ কোনটি?

(ক) নলিনী (খ) বারিধি

(গ) অপ (ঘ) তটিনী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'পানি' শব্দের প্রতিশব্দ 'অপ'। এর আরও প্রতিশব্দ— বারি, জল, সলিল, পয়ঃ, অম্বু, নীর, উদক ইত্যাদি। অন্যদিকে নলিনী, বারিধি ও তটিনী যথাক্রমে পদ্ম, সমুদ্র ও নদীর প্রতিশব্দ।

21. 'অতিমাত্রা' কোন সমাস?

(ক) প্রাদি সমাস (খ) নঞ তৎপুরুষ

(গ) কর্মধারয় (ঘ) অব্যয়ীভাব

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। 'অতিমাত্রা' অব্যয়ীভাব সমাস যার ব্যাসবাক্য 'মাত্রাকে অতিক্রান্ত'। আরও উদাহরণ

BCS PIONEER

: বেলাকে অতিক্রান্ত = উদ্বেল, শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল ইত্যাদি।

22. শুদ্ধ বানানটি চিহ্নিত করুন :

(ক) মুর্ধন্য (খ) মূর্ধণ্য
(গ) মূর্ধন্য (ঘ) মূর্ধণ্যা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: শুদ্ধ বানান 'মূর্ধন্য'। ঋ, র, ষ ও পরবর্তী 'ন'-এর মধ্যে স্বরবর্ণ, ক বর্গীয় বর্ণ, প বর্গীয় বর্ণ বা য, য়, হ ব্যতীত অন্য বর্ণ থাকলে সেখানে ণ-ত্ব বিধান কার্যকর নয়। যেমন— মূর্ধন্য, মর্দ্দন, প্রার্থনা, দর্শন ইত্যাদি।

23. 'লম্বা দেয়া' বাগধারাটির অর্থ_____

(ক) পালানো (খ) দীর্ঘ বক্তৃতা
(গ) উল্টাফ্লু (ঘ) ঘরে যাওয়া

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'লম্বা দেয়া' বাগধারার অর্থ 'পালানো'। 'পালানো' অর্থে আরও বাগধারা হয়— চম্পট দেওয়া, পগার-পার।

24. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?

(ক) ওলন্দাজ (খ) চাইনিজ
(গ) ফরাসি (ঘ) হিন্দি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'রেস্তোরাঁ' ফরাসি শব্দ। আরও কিছু ফরাসি শব্দ— কার্তুজ, কুপন, ক্যাফে, বুর্জোয়া, আঁতেল, আঁতাত, ম্যাটিনি ইত্যাদি।

25. 'তিলে তৈল হয়' কোন কারকে কোন বিভক্তি?

(ক) কর্তৃকারকে প্রথমা (খ) অপাদানে সপ্তমী
(গ) করণে সপ্তমী (ঘ) অধিকরণে সপ্তমী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: যা থেকে কোনোকিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকে অপাদান কারক বলে। এছাড়া ক্রিয়াকে কোথা থেকে/কী হতে/কীসের হতে প্রশ্ন করলে অপাদান কারক হয়। 'তিলে তৈল হয়' বাক্যে 'কী হতে তৈল হয়' প্রশ্ন করলে 'তিল' বোঝায় তাই এটি অপাদান কারক। 'এ' বিভক্তি অনুযায়ী এটি সপ্তমী।

26. বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন কে?

(ক) এন.বি. হ্যালহেড (খ) উইলিয়াম কেরি
(গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ্ (ঘ) ড. সুনীতিকুমার

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ইংরেজি ভাষায় মুদ্রিত প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন নাথানিয়েল ব্রাসি হ্যালহেড। ১৭৭৮ সালে প্রকাশিত এ ব্যাকরণের নাম 'A Grammar of the Bengal Language'। এছাড়া বাঙালি রচিত বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রাজা রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ'।

27. উপকারীর অপকার করে যে_____

(ক) কৃতজ্ঞ (খ) কৃতঘ্ন
(গ) অকৃতজ্ঞ (ঘ) অকৃতঘ্ন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'উপকারীর অপকার করে যে'-এর এককথায় প্রকাশ 'কৃতঘ্ন'। অন্যদিকে উপকারীর উপকার স্বীকার করে যে— কৃতজ্ঞ, উপকারীর উপকার স্বীকার করে না যে— অকৃতজ্ঞ।

28. কাজী নজরুল ইসলামের রচনা কোনটি?

(ক) সঞ্চয়িনী (খ) সঞ্চয়িতা
(গ) সঞ্চারিণী (ঘ) সঞ্চিতা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'সঞ্চিতা' (১৯২৮) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত কাব্য সংকলন গ্রন্থ। এ গ্রন্থে ৭৮টি কবিতা ও ১৭টি গান রয়েছে। সংকলনটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করা হয়েছে। এ গ্রন্থের কবিতাগুলোতে কবির রোমান্টিকতা, দুঃখবোধসহ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তার বিদ্রোহী চেতনা প্রকাশিত হয়েছে।

29. 'Cut up' means_____

(ক) discount (খ) reduce
(গ) dislocate (ঘ) separate

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Cut up অর্থ কেটে বাদ দেওয়া বা বিভাজন করা। তাই সঠিক উত্তর হবে separate।

30. If you had informed me earlier, I _____ you.

(ক) would (খ) will have met
(গ) would have met (ঘ) would meet

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Third conditional-এর সূত্র অনুযায়ী if clause-টি past

BCS PIONEER

perfect tense হয় এবং অন্য clause-টি perfect modal হয় (subject + would have + v_3 + object)। তাই শূন্যস্থানে would have met বসবে।

31. What is 'Lingua Franca'?

(ক) International Language (খ) Second Language
(গ) Local Language (ঘ) Common Language

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Lingua Franca অর্থ প্রচলিত ভাষা। বিভিন্ন ভাষাভাষীর মানুষ একত্র হলে তাদের মধ্যে ভাবের আদান-প্রদানের জন্য যে common language ব্যবহৃত হয় তাকে Lingua Franca বলে।

32. I haven't read the book _____ you mentioned.

(ক) what (খ) that
(গ) who (ঘ) whom

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Antecedent অনুযায়ী বাক্যে relative pronoun বসে। Book বস্তুবাচক হওয়ায় এর pronoun that বসবে।

33. Which of the following sentence is grammatically correct?

(ক) The old man died yesterday.
(খ) The old man was died yesterday.
(গ) The old man has died yesterday.
(ঘ) The old man had died yesterday.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: Die-যুক্ত বাক্য কখনো passive voice-এ হয় না। এছাড়া বাক্যে yesterday থাকায় এটি past tense-এ হবে। (সঠিক উত্তর: The old man died yesterday.)

34. What kind of noun is 'girl'?

(ক) Common (খ) Collective
(গ) Proper (ঘ) Material

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: যে সকল noun দ্বারা একই জাতীয় সকলকে বোঝায় তাদেরকে common noun বলে। যেমন : man, boy, girl, teacher, cow ইত্যাদি।

35. Neither Rini nor Simi _____ qualified for the job.

(ক) are (খ) were
(গ) is (ঘ) had

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Neither ... nor দ্বারা যুক্ত দুটো noun বা pronoun-এর শেষেরটি অনুসরণ করে verb বসে। তাই প্রদত্ত sentence-এর verb-টি singular হবে। (সঠিক উত্তর: is)

36. Many young people died _____ the nation.

(ক) of (খ) for
(গ) in (ঘ) by

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: Die for অর্থ আত্মত্যাগ করা বা জীবন উৎসর্গ করা। তাই শূন্যস্থানে for বসবে।

37. "She takes after her mother" means_____

(ক) She takes care of her mother
(খ) She takes everything of her mother
(গ) She looks like her mother
(ঘ) She walks behind her mother

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Takes after অর্থ সাদৃশ্য বা দেখতে মিল থাকা। প্রদত্ত sentence-এর অর্থ সে দেখতে তার মা-এর মতো। Option (c) অর্থও একই।

38. Which spelling is correct?

(ক) privilege (খ) previlege
(গ) privilige (ঘ) prevelige

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: সঠিক বানান : privilege, যার অর্থ বিশেষ অধিকার।

39. দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে স্টারলিংকের ইন্টারনেট চালু করে কোন দেশ?

(ক) বাংলাদেশ (খ) ভুটান
(গ) মালদ্বীপ (ঘ) শ্রীলংকা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: মার্কিন ধনকুবের ইলন মাস্কের মালিকানাধীন স্পেস এক্সের অধীনে পরিচালিত প্রকল্প হলো স্টারলিংক। দক্ষিণ এশিয়ায় মালদ্বীপ প্রথম দেশ হিসেবে নভেম্বর ২০২৩ স্টারলিংকের ইন্টারনেট চালু

BCS PIONEER

করে। উল্লেখ্য, বাংলাদেশ স্টারলিংকের ইন্টারনেট চালু করে ২০ মে ২০২৫।

40. আফ্রিকার বৃহত্তম দেশ কোনটি?

(ক) আলবেনিয়া
(খ) আলজেরিয়া
(গ) মিসর
(ঘ) দক্ষিণ আফ্রিকা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: আলজেরিয়া উত্তর-পশ্চিম আফ্রিকায় ভূমধ্যসাগরের দক্ষিণ উপকূলে অবস্থিত আফ্রিকা মহাদেশের একটি বৃহত্তম রাষ্ট্র। দেশটির আয়তন প্রায় ২৩ লক্ষ ৮১ হাজার ৭৪১ বর্গকিলোমিটার। আয়তনের বিচারে আলজেরিয়া বিশ্বের ১০ম বৃহত্তম রাষ্ট্র।

41. কোন সাগরের অস্তিত্ব নেই?

(ক) Black Sea
(খ) Yellow Sea
(গ) Red Sea
(ঘ) Blue Sea

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Blue Sea বা নীল সাগর বলে কোনো নির্দিষ্ট সাগর নেই। এটি আসলে একটি সাধারণ নাম যা কোনো সমুদ্রকে বোঝাতে ব্যবহার করা হয়, যেখানে সমুদ্রটি নীল দেখায়। অন্যদিকে, Black Sea (কৃষ্ণসাগর), Yellow Sea (পীতসাগর) ও Red Sea (লোহিত সাগর) হলো বিখ্যাত সাগর।

42. বাংলাদেশে বাস করেন না এমন উপজাতির নাম_____

(ক) সাঁওতাল
(খ) মাওরি
(গ) গারো
(ঘ) মুরং

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মাওরি উপজাতি বসবাস করে নিউজিল্যান্ডে। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশে ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাস করে। এর মধ্যে বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী চাকমা।

43. সংবিধানের অনুচ্ছেদ মোট কয়টি?

(ক) ১৫৫
(খ) ১৫৪
(গ) ১৫৩
(ঘ) ১৫২

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ সংখ্যা ১৫৩টি প্রস্তাবনা ১টি, ভাগ ১১টি তফসিল ৭টি, সংশোধনী ১৭টি। উল্লেখ্য, বাংলাদেশের সংবিধান ৪ নভেম্বর ১৯৭২ গণপরিষদে গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর ১৯৭২ কার্যকর হয়।

44. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা কে?

(ক) আইন মন্ত্রী
(খ) আইন সচিব
(গ) অ্যাটর্নি জেনারেল
(ঘ) সলিসিটর

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তাকে অ্যাটর্নি জেনারেল বলা হয়। রাষ্ট্রপতি এডহক ভিত্তিতে অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেন।

45. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?

(ক) সোনাদিয়া
(খ) কুতুবদিয়া
(গ) সন্দীপ
(ঘ) মহেশখালী

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: কক্সবাজার জেলার অন্তর্গত বাঁশখালী নদীর তীরে অবস্থিত বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। এ দ্বীপের পাহাড়ে আদিনাথ মন্দিরকে ঘিরে গড়ে উঠেছে পর্যটন কেন্দ্র।

46. বাংলাদেশ কোন সংগঠনটির সদস্য নয়?

(ক) OIC
(খ) UN
(গ) ASEAN
(ঘ) IMF

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার ১১টি রাষ্ট্রের আঞ্চলিক অর্থনৈতিক জোট আসিয়ান (ASEAN)-এর সদস্য নয়। আসিয়ানের সদস্য দেশগুলো হলো— মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার, কম্বোডিয়া ও পূর্ব তিমুর।

47. শহিদ আবু সাঈদ কোন তারিখে শহিদ হন?

(ক) ১৬ জুলাই ২০২৪
(খ) ১৮ জুলাই ২০২৪
(গ) ৫ আগস্ট ২০২৪
(ঘ) ২৬ জুলাই ২০২৪

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: শহিদ আবু সাঈদ বাংলাদেশে সরকারি চাকুরিতে কোটা সংস্কার আন্দোলনে ১৬ জুলাই ২০২৪ পুলিশের গুলিতে শহিদ হন। শহিদ আবু সাঈদের জন্ম রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায়। তিনি বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের একজন মেধাবী শিক্ষার্থী ছিলেন।

48. বাংলাদেশের বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ কোনটি?

(ক) যুক্তরাষ্ট্র
(খ) রাশিয়া
(গ) চীন
(ঘ) জাপান

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ, যা বহু বছর ধরে বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশ ও জাপানের মধ্যে বাণিজ্যের পরিমাণ প্রায় চার বিলিয়ন মার্কিন ডলার।

49. ১৬, ৩৩, ৬৭, ১৩৫, ... ধারাটির পরবর্তী পদ কোনটি?

(ক) ২০২ (খ) ২৭১
(গ) ২৭০ (ঘ) ২৭৫

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ১৬ × ২ + ১ = ৩২ + ১ = ৩৩

৩৩ × ২ + ১ = ৬৬ + ১ = ৬৭

৬৭ × ২ + ১ = ১৩৪ + ১ = ১৩৫

১৩৫ × ২ + ১ = ২৭০ + ১ = ২৭১

50. C.G.S. পদ্ধতিতে দৈর্ঘ্যের একক কী?

(ক) ডেকামিটার (খ) মিটার
(গ) ডেসিমিটার (ঘ) সেন্টিমিটার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: CGS পদ্ধতিতে দৈর্ঘ্যের একক সেন্টিমিটার, ভরের একক গ্রাম এবং সময়ের একক সেকেন্ড।

51. ৫ থেকে ১১ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর গুণফল কত?

(ক) ৩৭৫ (খ) ৩৫৫
(গ) ৩৯৫ (ঘ) ৩৮৫

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: ৫ থেকে ১১ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হচ্ছে = ৫, ৭ ও ১১

∴ গুণফল = ৫ × ৭ × ১১ = ৩৮৫

52. নিচের কোন সংখ্যাটি মৌলিক?

(ক) ৯১ (খ) ১৪৩
(গ) ৪৭ (ঘ) ৮৭

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: এখানে, ৪৭ সংখ্যাটি ১ ও ৪৭ ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা বিভাজ্য নয়।

∴ ৪৭ একটি মৌলিক সংখ্যা।

53. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে?

(ক) ১৮০ ডিগ্রি (খ) ২৭০ ডিগ্রি
(গ) ৩৬০ ডিগ্রি (ঘ) ৫৪০ ডিগ্রি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: চাকাটি ৬০ সেকেন্ডে ঘোরে ৯০ বার

∴ ১ সেকেন্ডে ঘোরে ৯০/৬০ = ৩/২ বার

১ বার ঘুরলে চাকাটি ৩৬০° ঘোরে

∴ ৩/২ বার ঘুরলে চাকাটি ৩৬০° × ৩/২ = ৫৪০° ঘোরে।

54. কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে ফলাফল হবে ৬০। সংখ্যাটি কত?

(ক) ২৫০ (খ) ১০০
(গ) ২০০ (ঘ) ৩০০

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, ৬০% এর x - ৬০ = ৬০

⇒ (৬০x)/১০০ = ৬০ + ৬০

⇒ (৬x)/১০ = ১২০

∴ x = ১২০০/৬ = ২০০

55. ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কতদিনে করতে পারবে?

(ক) ২৫ দিনে (খ) ৩০ দিনে
(গ) ৩৫ দিনে (ঘ) ৪০ দিনে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'ক' ও 'খ' ১২ দিনে করে = ১টি কাজ

∴ 'ক' ও 'খ' ১ দিনে করে = ১/১২ অংশ কাজ

'ক' ২০ দিনে করে ১টি কাজ

BCS PIONEER

∴ 'ক' ১ দিনে করে = ১/২০ অংশ কাজ

∴ 'খ' ১ দিনে করে = ১/১২ - ১/২০ = (৫ - ৩)/৬০ = ২/৬০ = ১/৩০ অংশ কাজ

∴ সম্পূর্ণ কাজটি করতে খ এর সময় লাগবে ৩০ দিন।

56. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

(ক) ৪ (খ) ৯

(গ) ১২ (ঘ) ৬

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ধরি, বৃত্তের ব্যাস = ২r; ব্যাসার্ধ = r

∴ ক্ষেত্রফল = πr^2

বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে ব্যাস = ৬r; ব্যাসার্ধ = ৩r

∴ বৃত্তের পরিবর্তিত ক্ষেত্রফল = $\pi(3r)^2 = 9\pi r^2$

= ৯ × বৃত্তের প্রথম ক্ষেত্রফল

57. x + y = 6 এবং xy = 8 হলে, (x _____ y)² এর মান কত?

(ক) 4 (খ) 6

(গ) 8 (ঘ) 12

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: $(x - y)^2 = (x + y)^2 - 4xy$

$= 6^2 - 4 \times 8 = 36 - 32 = 4$

58. ১ + ৫ + ৯ + ১৩ + ... ধারাটির ১৫তম পদ কত হবে?

(ক) ৪৪ (খ) ৫৭

(গ) ৫৪ (ঘ) ৬৬

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: প্রথম পদ a = ১

সাধারণ অন্তর d = ৫ - ১ = ৪

১৫তম পদ = a + (n - ১)d

= ১ + (১৫ - ১)৪ = ১ + ৫৬ = ৫৭

59. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে?

(ক) ৮০ (খ) ৭২

(গ) ৯০ (ঘ) ৮৫

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: কেরোসিনের পরিমাণ = ৬০ এর ৭/১০ = ৪২ লিটার

∴ পেট্রোলের পরিমাণ = ৬০ এর ৩/১০ = ১৮ লিটার

ধরি, পানি মেশাতে হবে = x লিটার

প্রশ্নমতে, ৪২ / (১৮ + x) = ৩/৭

⇒ ৫৪ + 3x = ২৯৪

∴ 3x = ২৯৪ - ৫৪

∴ x = ২৪০/৩ = ৮০

∴ ৮০ লিটার পানি মেশাতে হবে।

60. The term PC means_____

(ক) Private Computer (খ) Personal Computer

(গ) Prime Computer (ঘ) Professional Computer

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: PC-এর পূর্ণরূপ Personal Computer। কম্পিউটারের মূল অংশ কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট PC-এর মধ্যেই অন্তর্ভুক্ত। পার্সোনাল কম্পিউটার বা ব্যক্তিগত কম্পিউটার বলতে এখন ডেস্কটপ কম্পিউটারকেই বোঝায়।

61. What is the antonym of 'gentle'?

(ক) polite (খ) modest

(গ) clever (ঘ) rude

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: Gentle (ভদ্র) এর antonym হলো rude (অভদ্র)।

62. ERD-এর পূর্ণরূপ কী?

(ক) Economic Relations Division

(খ) Economic Relations Department

(গ) Economic Resource Division

(ঘ) External Resource Division

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ERD-এর পূর্ণরূপ Economic Relations Division

BCS PIONEER

(অর্থনৈতিক সম্পর্ক বিভাগ) বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের চারটি বিভাগের অন্যতম। অন্য তিনটি বিভাগ হলো— অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

63. যমুনা রেলওয়ে সেতুটির দৈর্ঘ্য কত?

(ক) ৪.৭ কি.মি.
(খ) ৪.৮ কি.মি.
(গ) ৪.৯ কি.মি.
(ঘ) ৫.৮ কি.মি.

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: যমুনা রেলসেতুর দৈর্ঘ্য ৪.৮ কিলোমিটার। সেতুটি বাংলাদেশের দীর্ঘতম রেলসেতু। এটি উদ্বোধন করা হয় ১৮ মার্চ ২০২৫।

64. বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়?

(ক) ৫৮তম
(খ) ৫৯তম
(গ) ১২৯তম
(ঘ) ৬০তম

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: বাংলাদেশের রাজধানী ঢাকার একটি দ্রুতগামী গণপরিবহন হলো মেট্রোরেল। ৫ নভেম্বর ২০২৩ এমআরটি লাইন-৬ আগারগাঁও-মতিঝিল অংশে যাত্রী চলাচল শুরু হয়। এর মাধ্যমে বাংলাদেশ ৬০তম দেশ হিসেবে মেট্রোরেল পরিবহনব্যবস্থায় যুক্ত হয়। এশিয়ার ২২তম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল সেবা চালু হয়। বিশ্বে ১ম মেট্রোরেল সেবা ১৮৬৩ সালে চালু হয় লন্ডনে।

65. নবায়নযোগ্য শক্তি উৎসের একটি উদাহরণ হলো_____

(ক) পারমাণবিক জ্বালানি
(খ) পীট কয়লা
(গ) ফুয়েল সেল
(ঘ) সূর্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: যেসব শক্তির উৎস অফুরন্ত এবং বারবার ব্যবহার করা যায় তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলা হয়। সূর্য, পানি, বায়ু, বায়োমাস, সমুদ্রের ঢেউ ইত্যাদি হলো নবায়নযোগ্য শক্তির উৎসের উদাহরণ।

66. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো_____

(ক) নাইট্রোজেন
(খ) হাইড্রোজেন
(গ) কার্বন মনোক্সাইড
(ঘ) মিথেন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: প্রাকৃতিক গ্যাসের উপাদানগুলো হলো : মিথেন ৮০% - ৯০%, ইথেন ১৩%, প্রোপেন ৩%। এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেনও কিছু পরিমাণে থাকে। বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমাণ ৯৫% - ৯৯%।

67. জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?

(ক) লুই আই কান
(খ) নিতুন কুণ্ডু
(গ) লর্ড কার্জন
(ঘ) মি. বব বুই

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: এস্তোনীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক অধ্যাপক লুই আই কান বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি। ভবনটির ডিজাইন করেন হেনরি এন উইনকট।

68. বিশ্বের সবচেয়ে বেশি মুসলিম অধ্যুষিত দেশ কোনটি?

(ক) সৌদি আরব
(খ) ইন্দোনেশিয়া
(গ) ইরান
(ঘ) পাকিস্তান

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: বিশ্বের সবচেয়ে বড় মুসলিম অধ্যুষিত দেশ হলো ইন্দোনেশিয়া। দেশটির মোট জনসংখ্যা ২৮ কোটি ৫৭ লাখ, যার মধ্যে মুসলিম জনসংখ্যা ২৪ কোটি ২৭ লাখ। বর্তমানে দেশটিতে মুসলিম জনসংখ্যা মোট জনসংখ্যার ৮৮.২৫ শতাংশ।

BCS PIONEER

বিষয়/টপিক: স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর) - উপজেলা সহকারী প্রকৌশলী: ২৫-০৮-২০২৫ ইং

মোট প্রশ্ন: 61 টি

1. বাংলা ব্যাকরণ গ্রন্থ প্রথম কোন বাঙালি রচনা করেন?

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রামরাম বসু
(গ) রামনারায়ণ তর্করত্ন (ঘ) রাজা রামমোহন রায়

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — বাঙালি রচিত বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন রায়।
— তার রচিত এ ব্যাকরণ গ্রন্থের নাম 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩)।
— ১৮২৬ সালে রচিত তার *'Bengalee Grammar in the English Language'* অবলম্বনে বাংলায় রচনা করেন 'গৌড়ীয় ব্যাকরণ'।
— বাংলা ভাষার প্রথম ব্যাকরণ (পর্তুগিজ ভাষায়) রচনা করেন ম্যানুয়েল দা আসসুম্পসাঁও (১৭৪৩)।

2. লুৎফর রহমান রিটন একজন—

(ক) কবি (খ) ঔপন্যাসিক
(গ) গীতিকার (ঘ) ছড়াকার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — লুৎফর রহমান রিটন একজন ছড়াকার।
— শিশুতোষ ছড়া লিখে তিনি জনপ্রিয়তা পান।
— তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ— ধুতুরি, ঢাকা আমার ঢাকা, হিজিবিজি, উপস্থিত সুধীবৃন্দ, শেয়ালের পাঠশালা ইত্যাদি।
— বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ ও জনপ্রিয় ছড়াকার হলেন অন্নদাশঙ্কর রায়।

3. 'Wisdom' শব্দের পারিভাষিক অর্থ হলো—

(ক) জ্ঞান (খ) মেধা
(গ) প্রজ্ঞা (ঘ) বুদ্ধি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'Wisdom' শব্দের পারিভাষিক অর্থ 'প্রজ্ঞা'।
— আরও কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ : *Walk-out*— সভা বর্জন, *Weekly*— সাপ্তাহিক, *Withdraw*— প্রত্যাহার, *Workshop*— কারখানা ইত্যাদি।
— 'জ্ঞান' এর ইংরেজি Knowledge এবং 'মেধা' এর ইংরেজি Intellect বা Merit।

4. কোন বানানটি শুদ্ধ?

(ক) সমীপবর্তিন (খ) সমীপবর্তিনি
(গ) সমীপবর্তীনি (ঘ) সমীপবর্তিনী

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — শুদ্ধ বানান 'সমীপবর্তিনী'; যার অর্থ নিকটবর্তী।
— আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান— সন্ন্যাসী, সর্বস্বান্ত, স্বতঃস্ফূর্ত, স্বাতন্ত্র্য, সাত্ত্বিক, স্বত্ব ইত্যাদি।
— 'বর্তিনী' প্রত্যয়যোগে সাধারণত স্ত্রীবাচক শব্দ গঠিত হয় (যেমন: অনুবর্তিনী)।

5. 'যার সব হারিয়েছে' ব্যাসবাক্যটি এককথায়—

(ক) হৃতসর্বস্ব (খ) অনসূয়া
(গ) উদ্বাস্তু (ঘ) সর্বহারা

সঠিক উত্তর: a / d
ব্যাখ্যা: — [Note : 'যার সব হারিয়েছে'-এর এককথায় প্রকাশ 'হৃতসর্বস্ব' ও 'সর্বহারা' দুটোই হয়।
— অন্যদিকে যে নারীর অসুয়া বা হিংসা নেই— অনসূয়া, বাস্তু হতে উৎখাত হয়েছে যে— উদ্বাস্তু ।]
— 'যার কিছু নেই' তাকে এককথায় 'অকিঞ্চন' বা 'নিঃস্ব' বলা হয়।

6. কোনটি ণিজন্ত ধাতুর উদাহরণ?

(ক) কর্ + আ = করা (খ) আদি + অন্ত = আদ্যন্ত
(গ) জন + এক = জনৈক (ঘ) পরি + ঈক্ষা = পরীক্ষা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — মৌলিক ধাতুর পরে প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে ণিজন্ত ধাতু বলে।
— যেমন : কর্ + আ = করা, পড়্ + আ = পড়া ইত্যাদি।
— ণিজন্ত ধাতুকে 'প্রযোজক ধাতু'ও বলা হয় (যেমন: মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন)।

7. পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তনকে কী বলে?

(ক) অপিনিহিতি (খ) বিপ্রকর্ষ
(গ) সম্প্রকর্ষ (ঘ) অভিশ্রুতি

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তনকে অভিশ্রুতি বলে।
— যেমন— 'করিয়া' থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিংবা বিপর্যয়ের ফলে 'কইরা' থেকে অভিশ্রুতিজাত 'করে'।
— এভাবে শুনিয়া > শুনে, বলিয়া > বলে, হাটুয়া > হাউটা > হেটো ইত্যাদি।
— পরের ই-কার বা উ-কার আগে উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে (যেমন: আজি > আইজ)।

8. 'একটি আংটির মতো তোমাকে পরেছি স্বদেশ আমার কনিষ্ঠ আঙুলে'— উক্তিটি কার?

(ক) শামসুর রাহমান
(খ) শহীদ কাদরী
(গ) হেলাল হাফিজ
(ঘ) মুহম্মদ সাদিক

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — 'একটি আংটির মতো তোমাকে পরেছি স্বদেশ আমার কনিষ্ঠ আঙুলে' উক্তিটি কবি শহীদ কাদরীর।
— এটি কবির 'ব্ল্যাক আউটের পূর্ণিমায়' কবিতার প্রথম পঙ্‌ক্তি।
— তার 'নির্বাচিত কবিতা' গ্রন্থ থেকে কবিতাটি নেওয়া হয়েছে।
— শহীদ কাদরী বাংলাদেশের একজন অন্যতম প্রধান আধুনিক কবি, তিনি ২০১১ সালে একুশে পদক পান।

9. 'দুই বিঘা জমি'— কার রচনা?

(ক) শামসুর রাহমান
(খ) আল মাহমুদ
(গ) কাজী নজরুল ইসলাম
(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'দুই বিঘা জমি' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিখ্যাত একটি কবিতা।
— কবিতাটি তার 'চিত্রা' (১৮৯৬) কাব্যগ্রন্থের অন্তর্গত।
— জমিদার প্রথার বলি হয়ে এক অসহায় প্রজার (উপেন) করুণ পরিণতি কবিতাটিতে উঠে এসেছে।
— কবিতাটির বিখ্যাত চরণ— *"এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি/রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।"*
— কবিতাটি মূলত একটি আখ্যানমূলক বা কাহিনী-কবিতা।

10. 'উৎকর্ষতা' শব্দটি কী কারণে অশুদ্ধ?

(ক) সন্ধিজনিত
(খ) প্রত্যয়জনিত
(গ) উপসর্গজনিত
(ঘ) বিভক্তিজনিত

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — তা এবং ত্ব হলো বিশেষ্যবাচক প্রত্যয়; যা কেবল বিশেষণ শব্দকে বিশেষ্য করে।
— তাই বিশেষ্য শব্দ উৎকর্ষ-এর সাথে 'তা' যুক্ত 'উৎকর্ষতা' প্রত্যয়জনিত অশুদ্ধ শব্দ।
— এর শুদ্ধ রূপ হবে 'উৎকর্ষ' বা 'উন্নত'। একইভাবে 'সৌজন্যতা' ভুল, সঠিক হলো 'সৌজন্য'।

11. 'আমার গানের মালা আমি করব কারে দান'— বাক্যে 'কারে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?

(ক) কর্তায় সপ্তমী
(খ) কর্মে সপ্তমী
(গ) অপাদানে সপ্তমী
(ঘ) অধিকরণে সপ্তমী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তাকে কর্মকারক বলে।
— সুতরাং 'আমার গানের মালা আমি করব কারে দান' বাক্যে 'কারে' কর্মকারক এবং 'এ' বিভক্তি অনুযায়ী সপ্তমী হয়।
— ক্রিয়াকে 'কী' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্মকারক।

12. বাংলা ভাষায় তৎসম উপসর্গ কয়টি?

(ক) ১৮টি
(খ) ১৯টি
(গ) ২০টি
(ঘ) ২১টি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — বাংলা ভাষায় তৎসম (সংস্কৃত) উপসর্গ ২০টি।
— সেগুলো হলো— প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির্, দুর্, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।
— অন্যদিকে খাঁটি বাংলা উপসর্গ ২১টি।
— 'আ, সু, বি, নি'—এই চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে পাওয়া যায়।

13. 'অগ্নি-বীণা' কাব্যের প্রথম কবিতা কোনটি?

(ক) বিদ্রোহী
(খ) ধূমকেতু
(গ) প্রলয়োল্লাস
(ঘ) কামাল পাশা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২)।
— এ কাব্যে মোট ১২টি কবিতা আছে। এ কাব্যের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস' এবং দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'।
— 'বিদ্রোহী' কবিতা (১৯২২) সালে সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়।
— 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করা হয়েছিল।

14. 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' কার রচনা?

(ক) ড. মুহম্মদ শহীদুল্লাহ
(খ) মুহম্মদ আবদুল হাই
(গ) মুনীর চৌধুরী
(ঘ) মোফাজ্জল হায়দার চৌধুরী

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' (১৯৬৫) ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত একটি ভাষাতত্ত্বমূলক গবেষণায়গ্রন্থ।
— বাংলা ভাষার উদ্ভব, বিকাশ এবং ব্যাকরণগত কিছু বিষয় নিয়ে গ্রন্থটি রচিত।
— তার ভাষাবিষয়ক গবেষণামূলক আরও দুটি গ্রন্থ— 'ভাষা ও সাহিত্য' এবং 'বাঙ্গালা ব্যাকরণ'।
— সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বিখ্যাত ভাষাতত্ত্বমূলক গ্রন্থের নাম ODBL (The Origin and Development of the Bengali Language)।

15. 'মহুয়া' পালার রচয়িতা কে?

(ক) দ্বিজ কানাই (খ) জসীমউদ্দীন
(গ) আল মাহমুদ (ঘ) মনসুর বয়াতি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — 'মহুয়া' পালার রচয়িতা দ্বিজ কানাই। তিনি মধ্যযুগের বাঙালি কবি ছিলেন।
— দীনেশচন্দ্র সেনের মতে, তিনি আনুমানিক সতেরো শতকের কবি ছিলেন।
— অন্যদিকে, মনসুর বয়াতি রচিত পালা 'দেওয়ানা মদিনা'।
— 'মহুয়া' পালাটি মূলত 'ময়মনসিংহ গীতিকা'-এর অন্তর্গত একটি বিখ্যাত প্রণয়োপাখ্যান।

16. 'ইচ্ছা' শব্দের বিশেষণ কী?

(ক) ঐচ্ছিক (খ) ইচ্ছুক
(গ) অনিচ্ছা (ঘ) অনৈচ্ছিক

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — 'ইচ্ছা' শব্দের বিশেষণ 'ঐচ্ছিক'।
— বিশেষ্য থেকে বিশেষণের আরও উদাহরণ: অনুরাগ— অনুরক্ত, অনুবাদ— অনূদিত, কুসুম— কুসুমিত, পিশাচ— পৈশাচিক, পৃথিবী— পার্থিব, লবণ— লবণাক্ত ইত্যাদি।
— 'ইচ্ছুক' শব্দটিও বিশেষণ, তবে ব্যাকরণগতভাবে 'ঐচ্ছিক' (Optional) বেশি ব্যবহৃত হয়।

17. 'ক্রীতদাসের হাসি' একটি—

(ক) নাটক (খ) কবিতা
(গ) ছোটগল্প (ঘ) উপন্যাস

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'ক্রীতদাসের হাসি' (১৯৬২) শওকত ওসমান রচিত উপন্যাস।
— ১৯৫৮ সালে আইয়ুব খানের সামরিক শাসনামলে স্বৈরশাসকের যাঁতাকলে যেভাবে বাক স্বাধীনতা হরণ করা হয়েছিল এ উপন্যাসটি সেই শাসনকে ব্যঙ্গ করে (রূপক আশ্রয়ে) রচিত হয়েছে।
— এর প্রধান চরিত্রের নাম তাতারী।
— শওকত ওসমান রচিত আরও উল্লেখযোগ্য উপন্যাস— জাহান্নম হইতে বিদায়, জননী, নেকড়ে অরণ্য ইত্যাদি।
— এই উপন্যাসের জন্য শওকত ওসমান 'আদমজী সাহিত্য পুরস্কার' লাভ করেন।

18. 'আব্দুল করিম আর আব্দুর রহিম দুই ভাই'— বাক্যটিতে 'আর' কোন ধরনের অব্যয়?

(ক) বিয়োজক (খ) সংকোচক
(গ) সংযোজক (ঘ) সিদ্ধান্তবাচক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — যে অব্যয় পদ দুটি বাক্য বা পদের মধ্যে সংযোগ সাধন করে তাকে সংযোজক অব্যয় বলে।
— 'আব্দুল করিম আর আব্দুর রহিম দুই ভাই' বাক্যটিতে 'আর' হলো সংযোজক অব্যয়।
— এরূপ অব্যয়ের আরও উদাহরণ : *ভালো পদবি ও সামাজিক মর্যাদা সকলেই চায়, তিনি সৎ তাই সকলেই তাকে শ্রদ্ধা করে।*
— 'এবং, ও, আর' হলো প্রধান সংযোজক অব্যয়।

19. কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদ-এর সর্বশেষ উপন্যাসের নাম—

(ক) তোমাকে (খ) দেয়াল
(গ) সৌরভ (ঘ) আয়নাঘর

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — হুমায়ূন আহমেদ রচিত সর্বশেষ পূর্ণাঙ্গ উপন্যাস 'দেয়াল'। ইতিহাস-আশ্রয়ী এ উপন্যাস ২০১৩ সালে প্রকাশিত হয়।
— এটি মুক্তিযুদ্ধ পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে রচিত।
— মুক্তিযুদ্ধের পর শেখ মুজিব ও তার পরিবারকে হত্যা, জিয়াউর রহমানের সেনা অভ্যুত্থান, কর্নেল তাহের থেকে আওয়ামী লীগের অন্যান্য নেতা, মেজর ডালিমসহ আরও রাজনৈতিক ব্যক্তিত্ব উপন্যাসের কাহিনিতে আছেন।
— উপন্যাসটি প্রথম 'অন্যদিন' ম্যাগাজিনে ধারাবাহিকভাবে প্রকাশিত হচ্ছিল।

20. In the context of time, 'AM' stands for—

(ক) Anno Median (খ) Autonomous Maintenance
(গ) Asset Management (ঘ) Ante Meridiem

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Time-এর context-এ AM দ্বারা Ante Meridiem বোঝানো হয়।
— ল্যাটিন টার্ম *ante meridiem* অর্থ হলো দুপুরের আগে। এখানে *ante* হলো আগে এবং *meridiem* হলো দুপুর।

BCS PIONEER

— 24 ঘণ্টার দিনকে 12 ঘণ্টা করে দুই ভাগে ভাগ করে রাত 12.00টা থেকে সকাল 11.59 পর্যন্ত সময়কে AM এবং দুপুর 12.00 থেকে রাত 11.59 পর্যন্ত সময়কে PM (Post Meridiem) বলা হয়।
— দুপুর ১২টা এবং রাত ১২টার ক্ষেত্রে সাধারণত Noon এবং Midnight ব্যবহার করা বেশি যৌক্তিক।

21. Identify the appropriate prefix to get opposite meaning of the word 'moralize'—

(ক) un
(খ) de
(গ) dis
(ঘ) be

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — Prefix বা উপসর্গ মূলত এমন বর্ণ বা বর্ণসমষ্টি যা কোনো অর্থবোধক শব্দের পূর্বে বসে অপর একটি নতুন অর্থপূর্ণ শব্দ তৈরি করে।
— এখানে moralize (নীতিশিক্ষা প্রদান) শব্দটির পূর্বে প্রদত্ত অপশনসমূহের মধ্যে 'de' prefix বসে নতুন শব্দ demoralize তৈরি করে, যার অর্থ মনোবল ভেঙে দেওয়া বা নিরুৎসাহিত করা।
— 'un' বা 'dis' যুক্ত করেও অনেক শব্দের বিপরীত শব্দ তৈরি হয় (যেমন: unable, disagree)।

22. Fill in the gap with a suitable word given below: 'Neither of the boys ____ going to the meeting'.

(ক) are
(খ) is
(গ) were
(ঘ) will

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — Either of কিংবা Neither of যদি sentence-এর subject হয় তাহলে verb সর্বদা singular হয়।
— অপশনসমূহের মধ্যে একমাত্র 'is'-ই singular verb, তাই এটিই সঠিক উত্তর।
— 'Each of' বা 'One of'-এর ক্ষেত্রেও পরবর্তী noun-টি plural হলেও verb সবসময় singular হয় (যেমন: One of the boys is absent)।

23. What is the antonym of the word 'Contaminate'?

(ক) Sanctity
(খ) Invigorate
(গ) Taint
(ঘ) Purify

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Contaminate অর্থ দূষিত করা।
— অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর antonym (বিপরীত শব্দ) হিসেবে সঠিক হলো purify, যার অর্থ বিশুদ্ধ করা।
— অন্যদিকে, sanctity (পবিত্রতা), invigorate- শক্তিশালী করা এবং taint- দূষিত করা (synonym)।
— Contaminate-এর আরেকটি জনপ্রিয় সমার্থক শব্দ (Synonym) হলো Pollute বা Adulterate।

24. Choose the right word to fill the blank of the following sentence: Professional development requires ____ planning.

(ক) random
(খ) self-centred
(গ) thoughtful
(ঘ) inconsiderate

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — প্রদত্ত Sentence-টিকে সামঞ্জস্যপূর্ণ অর্থ প্রদানে শূন্যস্থানে thoughtful (সুচিন্তিত) বসাতে হবে।
— কেননা, পেশাগত উন্নয়নের জন্য সুচিন্তিত পরিকল্পনা দরকার, তাই thoughtful এখানে যথার্থ শব্দ।
— অন্যদিকে, random- এলোমেলো, self-centred- আত্মকেন্দ্রিক, inconsiderate- বিবেচনাহীন এখানে অপ্রাসঙ্গিক।
— Thoughtful-এর সমার্থক শব্দ হিসেবে Prudent বা Deliberate ব্যবহার করা যায়।

25. Identify the word which is not correctly spelt:

(ক) Adolescence
(খ) Massacre
(গ) Curiculum
(ঘ) Millionaire

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — অশুদ্ধ বানান Curiculum, যার শুদ্ধরূপ curriculum (পাঠ্যক্রম, C-u-r-r-i-c-u-l-u-m, ডাবল r হবে)।
— Curriculum-এর বহুবচন (Plural) রূপ হলো Curricula।

26. Choose the correctly spelt word:

(ক) Surveillence
(খ) Survillece
(গ) Surveilance
(ঘ) Surveillance

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — সঠিক বানান Surveillance (S-u-r-v-e-i-l-l-a-n-c-e), যার অর্থ নজরদারি বা কড়া পাহারা।
— এই বানানটিতে ডাবল L ('ll') এবং 'eillance' অংশটি মনে রাখা জরুরি।

27. The right passive form of "Who taught you English?"

(ক) By whom were you taught English?
(খ) By whom had you been taught English?
(গ) By whom was you taught English?
(ঘ) By whom had you taught English?

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — Who-যুক্ত interrogative sentence-কে passive voice-এ রূপান্তরের ক্ষেত্রে by whom + tense ও person অনুসারে auxiliary verb + object-এর subject + মূল verb-এর past participle + question mark (?) হয়।
— এ নিয়মে এখানে সঠিক উত্তর By whom were you taught English?
— বাক্যটিতে দুটি অবজেক্ট (you এবং English) থাকায় একে 'English was taught to you by whom?'-এভাবেও করা যেত, তবে প্রথমটিই বেশি প্রচলিত।

28. Choose the right form of verb: I look forward to ____ your positive response in this regard.

(ক) receive
(খ) receiving
(গ) received
(ঘ) is receiving

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — সাধারণত to-এর পর verb-এর base form (V1) বসলেও বিশেষ কিছু ক্ষেত্র বা ফ্রেজ; যেমন— with a view to, look forward to, get used to, (be) used to, accustomed to, admit to প্রভৃতির পর সর্বদা verb + ing (Gerund) হয়।
— এ নিয়মে এখানে সঠিক উত্তর হবে receiving।
— 'Look forward to' অর্থ হলো তীব্র আগ্রহ নিয়ে কোনো কিছুর জন্য অপেক্ষা করা।

29. Choose the correct sentence:

(ক) I have a passion for studying.
(খ) I have a passion in studying.
(গ) I have a passion to study.
(ঘ) I have a passion of studying.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — কোনো কিছুতে বা কোনো কিছু করার জন্য প্রবল আগ্রহ বা আসক্তি থাকা বোঝাতে passion for ব্যবহৃত হয়।
— Passion-এর পর 'for' হলো Appropriate Preposition-এর একটি নিয়ম।

30. The verb form of 'Necessity'—

(ক) Necessary
(খ) Necessitate
(গ) Necesiate
(ঘ) Necessarily

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — Necessity (প্রয়োজন, অপরিহার্যতা) শব্দটি noun।
— এর verb form হলো necessitate (অপরিহার্য করা)।
— Necessary হলো Adjective এবং Necessarily হলো Adverb।

31. One of the four sentences given below is correct. Identify the correct one—

(ক) He is as good as I.
(খ) He is as good as mine.
(গ) He is as good as me.
(ঘ) He is good as me.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — As ... as, so ... as-এর পর pronoun আসলে informal english-এ object pronoun (me) এবং formal english-এর subject pronoun (I) হয়।
— যদি দুটি উত্তরই অপশনে থাকে সেক্ষেত্রে subject pronoun-ই নির্বাচন করা উত্তম।
— অর্থাৎ এখানে সঠিক বাক্য He is as good as I (am)।
— এটি Positive Degree-এর একটি সাধারণ বাক্য গঠন।

32. Put appropriate preposition in the gap: Would you please find out the location ____ the map?

(ক) with
(খ) at
(গ) on
(ঘ) in

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — মানচিত্রের ক্ষেত্রে কোনো স্থানের geographical অবস্থান বা দৃশ্যমানতা বোঝাতে on the map এবং মানচিত্রের ভেতরে থাকা বিবরণ, তথ্য বোঝাতে in the map ব্যবহৃত হয়।
— যেমন : *Can you find Italy on the map?* এবং *The rail routes are shown in the map।*
— এখানে মানচিত্রের ওপর একটি অবস্থান (location) খুঁজতে বলায় 'on' বসেছে।

33. What is the meaning of the expression 'bottomline'?

(ক) the end of a book
(খ) the last line of a book
(গ) the final step
(ঘ) the essential point

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'Bottomline' অর্থ সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়, সারমর্ম বা চূড়ান্ত ফলাফল, অর্থাৎ the essential point।
— ব্যবসায়িক পরিভাষায় Bottom line বলতে নিট লাভ বা লোকসান (Net profit/loss)-কেও বোঝানো হয়।

34. "Walk fast lest you should miss the train."

(ক) Simple sentence
(খ) Complex sentence
(গ) Imperative sentence
(ঘ) Compound sentence

PCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — প্রদত্ত sentence-টিতে 'walk fast' clause-টি independent clause এবং 'you should miss the train'-টি subordinate clause, আবার দুটি clause-কে যুক্ত করেছে subordinating conjunction 'lest' (যাতে না)।
— তাই এটি একটি Complex sentence (জটিল বাক্য)।
— 'lest' যুক্ত বাক্যের পরবর্তী অংশে সবসময় 'should' বা 'might' ব্যবহৃত হয়।

35. Identify the best words to fill the following sentence: The engineers were uncertain wheather the prototype ____ operational.

(ক) is (খ) was
(গ) would be (ঘ) will

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — Sequence of tense অনুযায়ী বাক্যে অতীতের (were uncertain) প্রেক্ষাপটে ভবিষ্যতের অবস্থা বিবেচনায় would be সঠিক উত্তর।
— অন্যদিকে, এখানে 'prototype (নমুনা)'-টি আদৌ কার্যকরী হবে কি না তা নিয়ে প্রকৌশলীরা চিন্তিত ছিলেন' দ্বারা শুধু অতীত নির্দেশ করছে না বরং ভবিষ্যৎও বোঝাচ্ছে।
— তাই was, is এবং will-এর ব্যবহার এখানে অপ্রাসঙ্গিক।
— Past tense-এর সাথে ভবিষ্যৎ বোঝাতে 'will'-এর past form 'would' বসে।

36. Identify the word which remains the same in plural form:

(ক) Offspring (খ) Mouse
(গ) Dictum (ঘ) Thesis

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — প্রদত্ত অপশনসমূহের মধ্যে singular ও plural form একই কেবল offspring (সন্তান-সন্ততি)-এর।
— অন্যদিকে, mouse, dictum এবং thesis-এর plural যথাক্রমে mice, dicta এবং theses।
— Deer, Sheep, Aircraft, Series ইত্যাদি শব্দগুলোরও সিঙ্গুলার ও প্লুরাল রূপ একই।

37. What is the synonym of the word 'conspicuous'?

(ক) obscure (খ) vague
(গ) noticeable (ঘ) invisible

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'Conspicuous' (উচ্চারণ: কন্সপিকিউয়াস) অর্থ সুস্পষ্ট বা দৃষ্টি-আকর্ষণকারী।
— অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর সঠিক synonym (সমার্থক শব্দ) noticeable (সহজে দেখা যায় বা লক্ষ্য করা যায় এমন)।
— অন্যদিকে obscure— অস্পষ্ট, vague— অস্পষ্ট ও invisible— অদৃশ্য (এগুলো বিপরীত শব্দ বা antonym)।
— Conspicuous-এর আরেকটি ভালো সমার্থক শব্দ হলো 'Prominent' বা 'Obvious'।

38. Choose the option where the suffix has been incorrectly used:

(ক) Perform (খ) Conform
(গ) Reform (ঘ) No error

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Form শব্দের অর্থ গঠন, আকার। এর সাথে 'Per', 'Con' এবং 'Re' prefix (এখানে প্রশ্নে suffix লেখা হলেও মূলত এগুলো prefix) যুক্ত হয়ে যথাক্রমে নতুন শব্দ perform (সম্পাদন করা), conform (সামঞ্জস্যপূর্ণ হওয়া) এবং reform (পুনর্গঠন করা) তিনটিই সঠিক এবং অর্থপূর্ণ।
— অর্থাৎ এখানে prefix-এর ব্যবহারে কোনো ভুল নেই (No error)।
— Prefix বসে শব্দের শুরুতে, আর Suffix বসে শব্দের শেষে।

39. Which period is known as the age of Shakespeare?

(ক) Medieval period (খ) Elizabethan period
(গ) Caroline period (ঘ) Restoration period

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — ইংরেজি সাহিত্যের সবচেয়ে গৌরবময় অধ্যায় হলো Elizabethan Period, যার নামকরণ করা হয়েছিল রানি প্রথম এলিজাবেথের নামানুসারে।
— 1558 খ্রিষ্টাব্দ থেকে 1603 খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কালকে Elizabethan Period হিসেবে বিবেচনা করা হয়। এই সময়কাল ইংরেজি সাহিত্যের golden age (সুবর্ণ যুগ) বলেও পরিচিত।
— William Shakespeare, Edmund Spenser, Thomas Kyd, Christopher Marlowe-এর মতো স্বনামধন্য লেখকগণ তাদের সৃষ্টি দিয়ে এই যুগকে সমৃদ্ধ করেছেন।
— তবে William Shakespeare (1564-1616) ছিলেন এই যুগের সবচেয়ে বিখ্যাত এবং প্রভাবশালী সাহিত্যিক। এ কারণে Elizabethan Age-কে Age of Shakespeare-ও বলা হয়।
— শেকসপিয়রকে ইংল্যান্ডের জাতীয় কবি (Bard of Avon) বলা হয়।

40. বিশ্বে সবচেয়ে বেশি পেট্রোলিয়াম উৎপাদনকারী দেশ কোনটি?

(ক) যুক্তরাষ্ট্র (খ) ইংল্যান্ড
(গ) সৌদি আরব (ঘ) ইরাক

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বর্তমান বিশ্বের বৃহত্তম পেট্রোলিয়াম বা জ্বালানি তেল উৎপাদনকারী দেশ যুক্তরাষ্ট্র (USA)।
— ইউএস এনার্জি ইনফরমেশন অ্যাডমিনিস্ট্রেশন (EIA)-এর সর্বশেষ (আগস্ট ২০২৫) হিসাব অনুযায়ী যুক্তরাষ্ট্র প্রতিদিন প্রায় ২ কোটি ১২ লাখ ব্যারেল তেল উত্তোলন করে।
— এটা বিশ্বে প্রতিদিন মোট উত্তোলিত তেলের প্রায় ২২ শতাংশ।
— তেল রপ্তানিতে বা রিজার্ভের দিক থেকে সৌদি আরব শীর্ষস্থানে থাকলেও, উত্তোলনে যুক্তরাষ্ট্র এগিয়ে।

41. বিশ্ব মানবাধিকার দিবস কত তারিখ?

(ক) ৫ জুন
(খ) ১০ ডিসেম্বর
(গ) ৩ মে
(ঘ) ৩১ জুলাই

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — ৩০টি অনুচ্ছেদবিশিষ্ট 'মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র' ১০ ডিসেম্বর ১৯৪৮ জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়।
— সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর ঘোষণাপত্রটি গৃহীত হওয়ার সম্মানে ১৯৫০ সাল থেকে বিশ্বের প্রতিটি দেশে ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস' হিসেবে পালিত হয়ে আসছে।
— ৫ জুন পালিত হয় 'বিশ্ব পরিবেশ দিবস' এবং ৩ মে পালিত হয় 'বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস'।

42. বাংলাদেশের পোশাক শিল্পে অসামান্য অবদান রাখার জন্য সম্প্রতি সম্মানসূচক নাগরিকত্ব লাভকারীর নাম কী?

(ক) কিহাক সাং, দক্ষিণ কোরিয়া
(খ) রবার্ট হফম্যান, যুক্তরাষ্ট্র
(গ) টমাস উইলিয়াম, যুক্তরাজ্য
(ঘ) কিং ওয়াসাং, চীন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বাংলাদেশের পোশাক শিল্পে তথা অর্থনীতিতে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ দক্ষিণ কোরিয়াভিত্তিক ইয়াংওয়ান করপোরেশনের চেয়ারম্যান কিহাক সাংকে ৯ এপ্রিল ২০২৫ 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট-২০২৫'-এর আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানে সম্মানসূচক নাগরিকত্ব প্রদান করা হয়।
— ইয়াংওয়ান করপোরেশন বাংলাদেশের ইপিজেডগুলোতে অন্যতম বৃহৎ বিদেশি বিনিয়োগকারী প্রতিষ্ঠান।

43. আসিয়ানের সদস্য রাষ্ট্র নয়—

(ক) মালয়েশিয়া
(খ) শ্রীলঙ্কা
(গ) ব্রুনাই
(ঘ) থাইল্যান্ড

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — ৮ আগস্ট ১৯৬৭, আঞ্চলিক অর্থনৈতিক জোট Association of Southeast Asian Nations (ASEAN) প্রতিষ্ঠিত হয়।
— এর বর্তমান সদস্য সংখ্যা ১০টি। যথা : মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, মিয়ানমার ও কম্বোডিয়া।
— এর সদর দপ্তর ইন্দোনেশিয়ার জাকার্তায় অবস্থিত।
— শ্রীলঙ্কা দক্ষিণ এশিয়ার দেশ এবং এটি সার্ক (SAARC)-এর সদস্য, আসিয়ানের নয়।

44. 'পোর্ট অব প্রিন্স' কোন দেশের রাজধানী?

(ক) পেরু
(খ) নাউরু
(গ) জিবুতি
(ঘ) হাইতি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — হাইতির রাজধানী হলো 'পোর্ট অব প্রিন্স' (Port-au-Prince)।
— পেরুর রাজধানী লিমা এবং জিবুতি হলো জিবুতি প্রজাতন্ত্রের রাজধানী।
— অন্যদিকে, নাউরুর কোনো অফিসিয়াল রাজধানী নেই। তবে দেশটির সরকারি অফিসসমূহ ইয়ারেন শহরে অবস্থিত।
— হাইতি ক্যারিবিয়ান সাগরের একটি স্বাধীন দ্বীপরাষ্ট্র এবং এটি ফরাসি ভাষাভাষী দেশ।

45. আরব বসন্ত আন্দোলন কোন দেশ থেকে শুরু হয়েছিল?

(ক) মিসর
(খ) তিউনিশিয়া
(গ) লিবিয়া
(ঘ) সিরিয়া

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — বুয়াজিজিয় (Mohamed Bouazizi) আত্মাহুতিকে কেন্দ্র করে ২০১০ সালের ডিসেম্বরে তিউনিশিয়ায় (Tunisia) আরব বসন্তের (Arab Spring) সূচনা হয়।
— ২০১১ সালে মিসরের তাহরির স্কয়ার ও রাজপথে মুসলিম ব্রাদারহুডসহ বিভিন্ন সংগঠনের আন্দোলনের মুখে একনায়ক হোসনী মোবারকের ৩০ বছরের শাসনের অবসান ঘটে।
— ২০২৪ সালে এ আন্দোলনের ঢেউয়ে সিরিয়ার স্বৈরশাসক বাশার আল আসাদের ২৪ বছরের শাসনের অবসান ঘটে।
— তিউনিশিয়ায় শুরু হওয়া এই বিপ্লবকে 'জুঁই ফুল বিপ্লব' (Jasmine Revolution) বলা হয়।

46. OIC-এর প্রধান কার্যালয় কোথায়?

(ক) তেহরান
(খ) জেদ্দা
(গ) কায়রো
(ঘ) রিয়াদ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — জেরুজালেমে অবস্থিত মুসলমানদের প্রথম কেবলা পবিত্র আল-আকসা মসজিদে ইহুদিরা অগ্নিসংযোগ করলে তার প্রতিবাদ, প্রতিরোধ ও সর্বোপরি মুসলিম বিশ্বকে একত্র করার জন্য ১৯৬৯

BCS PIONEER

সালের ২৫ সেপ্টেম্বর মরক্কোর রাজধানী রাবাতে ইসলামি সহযোগিতা সংস্থা (OIC) গঠিত হয়।
— সৌদি আরবের জেদ্দায় (Jeddah) সদর দপ্তরভিত্তিক সংস্থাটির দাপ্তরিক ভাষা ৩টি (আরবি, ইংরেজি ও ফরাসি)।
— OIC-এর বর্তমান সদস্য রাষ্ট্র ৫৭টি, বাংলাদেশ ১৯৭৪ সালে এর সদস্যপদ লাভ করে।

47. কোন দেশের সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়?

(ক) সুইজারল্যান্ড (খ) ভুটান
(গ) কোস্টারিকা (ঘ) জাপান

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'শান্তি সংবিধান' (Peace Constitution) বলা হয় জাপানের সংবিধানকে। এটাকে আবার 'যুদ্ধোত্তর সংবিধান' নামেও অভিহিত করা হয়।
— দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে ১৯৪৭ সালের ৩ মে জাপান পুরোনো সংবিধান রহিত করে নতুন সংবিধান রচনা করে।
— সংবিধানে উল্লেখ করা হয় জাপানি জনগণ 'জাতির একটি সার্বভৌম অধিকার হিসেবে চিরতরে যুদ্ধ পরিহার করছে' এবং স্থল, নৌ ও বিমানবাহিনীসহ অন্যান্য সম্ভাব্য যুদ্ধ সৃষ্টিকারী বাহিনী রাখবে না। এজন্যই মূলত জাপানের সংবিধান 'শান্তিবাদী সংবিধান' নামেও পরিচিত।
— জাপানের সংবিধানের ৯নং অনুচ্ছেদে (Article 9) এই শান্তির কথা বলা হয়েছে।

48. ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রদান করে কোন কর্তৃপক্ষ?

(ক) LGED (খ) PWD
(গ) Civil Aviation Authority (ঘ) RAJUK

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — Civil Aviation Authority of Bangladesh বা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) অধ্যাদেশ ১৯৮৫-এর মাধ্যমে ১৯৮৫ সালে একটি কর্পোরেট সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে।
— সংস্থাটি বিমানসংক্রান্ত কার্যক্রম, ফ্লাইট নিরাপত্তা, এয়ার ট্রাফিক নিয়ন্ত্রণ ও বিমানবন্দরের কাছাকাছি ভবন নির্মাণের জন্য উচ্চতার ছাড়পত্র (Height Clearance) প্রদানসহ নানা কার্যক্রম পরিচালনা করে থাকে।
— রাজধানী এলাকায় ভবন নির্মাণের মূল নকশা বা প্ল্যান অনুমোদন করে RAJUK (রাজউক)।

49. ফেয়ারফ্যাক্স কী?

(ক) সংবাদ সংস্থা (খ) পরিবেশবাদী সংস্থা
(গ) গোয়েন্দা সংস্থা (ঘ) মানবাধিকার সংস্থা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — ফেয়ারফ্যাক্স (Fairfax) মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যের একটি কাউন্টি। এটি ভার্জিনিয়ার সবচেয়ে জনবহুল কাউন্টি।
— এই কাউন্টিতে মার্কিন গোয়েন্দা সংস্থা CIA-এর সদর দপ্তর (ল্যাংলি) অবস্থিত।
— গোয়েন্দা সংস্থার নামান্তর হিসেবে Fairfax ব্যবহৃত হয়ে থাকে। তাই এটিকে গোয়েন্দা সংস্থা বলা যায়।
— 'ফেয়ারফ্যাক্স ফাইন্যান্সিয়াল' নামে একটি কানাডীয় প্রাইভেট গোয়েন্দা ও তদন্ত সংস্থাও আছে।

50. ঘোষিত পরমাণু অস্ত্রধারী দেশ কয়টি?

(ক) ৭টি (খ) ৬টি
(গ) ৫টি (ঘ) ৮টি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — ফেডারেশন অব অ্যাটমিক সায়েন্টিস্ট এর স্ট্যাটাস অব দ্যা ওয়ার্ল্ডস নিউক্লিয়ার ফোর্সেস-২০২৫ এর হিসাব অনুযায়ী বর্তমানে পরমাণু শক্তিধর দেশ ৯টি।
— তার মধ্যে ঘোষিত পরমাণু অস্ত্রধারী দেশ ৮টি। দেশগুলো হলো— যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স, চীন, ভারত, পাকিস্তান ও উত্তর কোরিয়া।
— ইসরায়েল নীতিগতভাবে অস্বীকার করলেও তাদের কাছে পরমাণু অস্ত্র রয়েছে বলে ধারণা করা হয়।
— প্রথম পরমাণু অস্ত্র পরীক্ষা এবং ব্যবহার করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র (১৯৪৫)।

51. ANA কোন দেশের বিমান সংস্থা?

(ক) জাপান (খ) নিউজিল্যান্ড
(গ) নেপাল (ঘ) নেদারল্যান্ড

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — ANA (All Nippon Airways) হলো জাপানের বৃহত্তম বিমান সংস্থা, যা ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হয়।
— এর সদর দপ্তর টোকিওর মিনাতো এলাকায় অবস্থিত।
— এটি অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উভয় রুটে বিমান পরিষেবা প্রদান করে।
— জাপানের আরেকটি বিখ্যাত বিমান সংস্থার নাম হলো 'জাপান এয়ারলাইন্স (JAL)'।

52. কোনটি শিক্ষার একটি সাধারণ বাহন?

(ক) বেতার (খ) পত্র
(গ) টেলিভিশন (ঘ) টেলিফোন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — বেতার ও টেলিভিশন উভয় শিক্ষার বাহন হিসেবে ব্যবহৃত হয়।
— তবে আধুনিক সময়ে টেলিভিশন শিক্ষার একটি অধিক শক্তিশালী এবং সাধারণ বাহন হিসেবে বিবেচিত।

BCS PIONEER

— কারণ, টেলিভিশনে শুধু শ্রবণ নয়, একই সঙ্গে দর্শনও করা যায় যা শিখার প্রক্রিয়াকে আরও প্রায়োগিক ও কার্যকর করে তোলে।
— টেলিভিশন একটি 'অডিও-ভিজ্যুয়াল' (দৃশ্য-শ্রাব্য) গণমাধ্যম।

53. বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত প্রথম নাটক কোনটি?

(ক) পদ্মাবতী
(খ) একতলা দোতলা
(গ) অরণ্যে দিন
(ঘ) সুখতারা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — বাংলাদেশ টেলিভিশনে (BTV) প্রচারিত প্রথম নাটক একতলা দোতলা (১৯৬৫ সালে)।
— উল্লেখ্য, বাংলাদেশ টেলিভিশন ১৯৬৪ সালে পাকিস্তান টেলিভিশন কর্পোরেশনের পূর্ব পাকিস্তান বিভাগ হিসেবে স্থাপিত হয় এবং ১৯৮০ সালের ১ ডিসেম্বর থেকে বিটিভির রঙিন সম্প্রচার শুরু হয়।
— 'একতলা দোতলা' নাটকটির রচয়িতা ছিলেন মুনীর চৌধুরী।

54. বাংলাদেশের সংবিধান কবে থেকে কার্যকর হয়েছিল?

(ক) ১৬ ডিসেম্বর ১৯৭১
(খ) ২৬ মার্চ ১৯৭১
(গ) ২৬ মার্চ ১৯৭২
(ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭২

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — ১১ এপ্রিল ১৯৭২ স্বাধীন বাংলাদেশের জন্য সংবিধান প্রণয়নের লক্ষ্যে সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়।
— ১২ অক্টোবর ১৯৭২ উক্ত কমিটি খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করে। ৪ নভেম্বর ১৯৭২ তা গণপরিষদে গৃহীত হয় (সংবিধান দিবস)।
— এবং বিজয়ের প্রথম বার্ষিকীতে ১৬ ডিসেম্বর ১৯৭২ এ সংবিধান কার্যকর হয়।
— বাংলাদেশের সংবিধান হাতে লেখার দায়িত্ব পালন করেছিলেন শিল্পী আবদুর রউফ।

55. বাংলাদেশের সংবিধান রচনা কমিটির সদস্য সংখ্যা কত ছিল?

(ক) ৩০০ জন
(খ) ৩৪ জন
(গ) ৩০ জন
(ঘ) ৫০ জন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — বাংলাদেশের স্বাধীনতার পর সংবিধান প্রণয়নের লক্ষ্যে গণপরিষদের সুপারিশক্রমে ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে প্রধান/সভাপতি করে ৩৪ সদস্যবিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়।
— এ সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।
— উক্ত কমিটি গণপরিষদে খসড়া সংবিধান উত্থাপন করে ১২ অক্টোবর ১৯৭২।
— এই কমিটিতে বিরোধী দলের একমাত্র সদস্য ছিলেন সুরঞ্জিত সেনগুপ্ত।

56. 'গম্ভীরা' কোন অঞ্চলের সংগীত?

(ক) রংপুর
(খ) সিলেট
(গ) রাজশাহী
(ঘ) রাঙ্গামাটি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ এলাকায় এ সংগীতের প্রচলন রয়েছে।
— সমাজের নানা অসঙ্গতি তুলে ধরা ও এ সম্পর্কে নানা করণীয় দিক অত্যন্ত সুন্দরভাবে সংগীতের মধ্যে উপস্থাপনই সারাদেশে গম্ভীরা সুপরিচিতির কারণ।
— এ সংগীতের মূল চরিত্র হলো নানা ও নাতির কথোপকথন।
— 'ভাওয়াইয়া' হলো রংপুর অঞ্চলের এবং 'ভাটিয়ালি' হলো ময়মনসিংহ অঞ্চলের বিখ্যাত লোকসংগীত।

57. রোহিঙ্গারা কত সালে প্রথম বাংলাদেশে প্রবেশ করে?

(ক) ১৯৭১ সালে
(খ) ১৯৭৮ সালে
(গ) ১৯৯১ সালে
(ঘ) ২০১৭ সালে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — শরণার্থী হিসেবে বাংলাদেশে প্রথম রোহিঙ্গা প্রবেশ করে ১৯৭৮ সালে।
— দ্বিতীয় দফা রোহিঙ্গা আসে ১৯৯১-৯২ সালে।
— সর্বশেষ সবচেয়ে বেশি রোহিঙ্গা বাংলাদেশে আসে ২০১৭ সালে।
— নতুন করে আসা রোহিঙ্গা মিলে বাংলাদেশে বর্তমানে রোহিঙ্গাদের সংখ্যা প্রায় ১৩ লাখ।
— রোহিঙ্গারা মূলত মায়ানমারের রাখাইন রাজ্যের (সাবেক আরাকান) সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়।

58. ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে কোন সালে?

(ক) ১৮৫৮ সালে
(খ) ১৯০৫ সালে
(গ) ১৯১১ সালে
(ঘ) ১৯৪৭ সালে

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — ভারত উপমহাদেশে প্রথম স্বাধীনতা সংগ্রাম (১৮ ৫৭ সালের সিপাহী বিদ্রোহ) ব্যর্থ হওয়ার পর ১৮৫৮ সালে ব্রিটিশ পার্লামেন্টে ভারত শাসনের জন্য একটি নতুন আইন পাশ হয়।
— 'ভারত শাসন আইন' নামে পরিচিত এ আইন ভারতবর্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটায় এবং ব্রিটিশ সরকার (ব্রিটিশ রাজ) সরাসরি এদেশের শাসনভার গ্রহণ করে।
— এরপর ভারতের প্রথম ভাইসরয় হিসেবে নিযুক্ত হন লর্ড ক্যানিং।

59. ইসরায়েল-এর পার্লামেন্টের নাম কী?

(ক) ডুমা
(খ) নেসেট
(গ) ডায়েট
(ঘ) কংগ্রেস

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — ইসরায়েলের আইনসভা বা পার্লামেন্টের নাম 'অ্যাসেম্বলি' বা 'নেসেট' (Knesset)।
— 'স্টেট ডুমা' হলো রাশিয়ার আইনসভার নিম্নকক্ষের নাম।
— জাপানের আইনসভার নাম 'ডায়েট' (Diet) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার নাম 'কংগ্রেস' (Congress)।
— ইসরায়েলের পার্লামেন্ট বা নেসেট-এ মোট সদস্য সংখ্যা ১২০ জন।

60. বাংলাদেশের সরকার কর্তৃক কাজী নজরুল ইসলামকে 'একুশে পদক' প্রদান করা হয় কত সালে?

(ক) ১৯৭২ সালে
(খ) ১৯৭৩ সালে
(গ) ১৯৭৬ সালে
(ঘ) ১৯৭৮ সালে

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে (১৮৯৯-১৯৭৬) বাংলাদেশ সরকার ১৯৭৬ সালে 'একুশে পদক' প্রদান করে।
— এছাড়া ভারত সরকার ১৯৬০ সালে কবিকে 'পদ্মভূষণ' পদকে ভূষিত করে।
— ১৯৬৯ সালে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এবং ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে 'ডি-লিট' উপাধি প্রদান করে।
— ১৯৭৬ সালেই তিনি ঢাকায় পিজি হাসপাতালে (বর্তমান বিএসএমএমইউ) ইন্তেকাল করেন।

61. UNFCCC-এর অধীনে COP সৃষ্টির প্রধান উদ্দেশ্য কী ছিল?

(ক) বৈশ্বিক বাণিজ্য চুক্তি প্রচার করা
(খ) আন্তর্জাতিক জীববৈচিত্র্য সংরক্ষণ করা
(গ) আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে জলবায়ু পরিবর্তন মূল্যায়ন ও মোকাবিলা করা
(ঘ) বৈশ্বিক স্বাস্থ্যনীতি প্রতিষ্ঠা করা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — জাতিসংঘের পরিবেশবিষয়ক সম্মেলন যা Conference of the Parties (COP) নামে পরিচিত।
— এটি ১৯৯২ সালে গৃহীত জাতিসংঘের জলবায়ু পরিবর্তন রূপরেখা সম্মেলন (UNFCCC)-এর অধীনে ১৯৯৫ সাল থেকে প্রতিবছর অনুষ্ঠিত হয়ে আসছে।
— UNFCCC-এর অধীনে জাতিসংঘের পরিবেশবিষয়ক সম্মেলনের প্রধান উদ্দেশ্য আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে জলবায়ু পরিবর্তন মূল্যায়ন ও মোকাবিলা করা।
— COP-এর সর্বশেষ বড় সম্মেলন (COP28) দুবাইয়ে অনুষ্ঠিত হয়েছিল।

BCS PIONEER

বিষয়/টপিক: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ২২-০৭-২০২৫ ইং

মোট প্রশ্ন: 60 টি

1. Fill in the blanks: The ship ____ Robinson arrived on the island.

(ক) had been broken (খ) having broken

(গ) has broken (ঘ) having been broken

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — যেহেতু প্রদত্ত sentence-এ কোনো connector নেই, তাই এখানে 'the ship' clause হিসেবে বিবেচ্য হবে না।
— কাজেই অপশন (ক) এখানে ভুল। অন্যদিকে, অপশন (খ) এবং (গ) active form-এ থাকায় এদের প্রয়োগ এখানে অশুদ্ধ।
— সঠিক অপশন (ঘ) having been broken হলো Perfect Participle, যা সাধারণত passive অর্থ প্রকাশ করে এবং একটি কাজ সম্পন্ন হবার পর আরেকটি কাজ শুরু হওয়া বোঝায়।

2. কোন ধরনের স্বরধ্বনিকে বিবৃত স্বর বলে?

(ক) যে স্বর উচ্চারণে জিভ উঁচু হয়

(খ) যে স্বর উচ্চারণে জিভ নিচু হয়

(গ) যে স্বর উচ্চারণে ঠোঁট অল্প খোলে

(ঘ) যে স্বর উচ্চারণে ঠোঁট বেশি খোলে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিবৃত বা প্রসারিত কিংবা ঠোঁট বেশি খোলে তাকে বিবৃত স্বর বলে। যেমন— আ।
— অন্যদিকে, যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর সংকুচিত হয় বা ঠোঁট অল্প খোলে তাকে সংবৃত স্বর বলে। যেমন— ই, উ।

3. কোন বর্ণের একাধিক ধ্বনি রয়েছে?

(ক) অ (খ) আ

(গ) ই (ঘ) ও

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — ও বর্ণের একাধিক ধ্বনি বিদ্যমান। (এখানে ব্যাখ্যা ও অপশনের মাঝে একটু কনফিউশন আছে, ব্যাখ্যায় বলা হয়েছে 'ও' বর্ণের কথা, কিন্তু উত্তর অপশনে 'অ' দেওয়া। তবে বাংলা ব্যাকরণে 'অ' এবং 'এ' উভয়েরই একাধিক ধ্বনি থাকে। আমি গাইড অনুযায়ী দিচ্ছি)।
— 'ও' শব্দ বা পদের শুরুতে অথবা শব্দের মধ্যে থাকলে এর উচ্চারণ স্বাভাবিক হয়। যেমন— ওজন, কোমল ইত্যাদি।
— আবার অধীর, অতুল ইত্যাদি শব্দে 'অ'-এর উচ্চারণ অনেকটা 'ও'-এর মতো।

4. Choose the correct sentence:

(ক) Everyone has right to his opinion.

(খ) Everyone has right to one's opinion.

(গ) Everyone has right to his or her opinion.

(ঘ) Everyone has right to their opinion.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — Everyone (Indefinite Pronoun) দ্বারা মূলত অনির্দিষ্ট ব্যক্তি (নারী-পুরুষ)-কে বোঝানো হয়।
— তাই এর possessive হিসেবে his এবং her দুটোই সঠিক।
— তাই সঠিক উত্তর Everyone has right to his or her opinion। (নোট: গাইডের বক্সে উত্তর 'ক' দেওয়া থাকলেও ব্যাখ্যায় বলা হয়েছে 'his or her' সঠিক। সাধারণত formal english এ 'his' কেই standard ধরা হয়, তাই 'ক' উত্তর)।

5. ২০২৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?

(ক) অভিজিৎ ব্যানার্জি (খ) নার্গিস মোহাম্মদী

(গ) নিহন হিদানকিয়ো (ঘ) আবি আহমেদ আলী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — পরমাণু অস্ত্রমুক্ত বিশ্ব অর্জনের প্রচেষ্টায় ২০২৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে জাপানের পরমাণু অস্ত্রবিরোধী সংগঠন নিহন হিদানকিয়ো (Nihon Hidankyo)।

6. 'পড়িনি, তাই পাশ করিনি।'— গঠনরীতির দিক থেকে কোন ধরনের বাক্য?

(ক) সরল (খ) জটিল

(গ) যৌগিক (ঘ) নির্দেশক

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'পড়িনি, তাই পাশ করিনি'- গঠনরীতির দিক থেকে এটি একটি যৌগিক বাক্য।
— এখানে দুটি স্বাধীন বাক্য ও সংযোজক অব্যয় ব্যবহৃত হয়েছে।
— 'পড়িনি' স্বাধীন বাক্য যা 'আমি' দ্বারা উহ্যভাবে আছে এবং 'পাশ করিনি' আরেকটি স্বাধীন বাক্য যা 'তাই' সংযোজক অব্যয়ের মাধ্যমে দুটি বাক্যকে যুক্ত করেছে।

BCS PIONEER

— যেহেতু দুটি স্বাধীন বাক্য সংযোজক অব্যয়ের মাধ্যমে যুক্ত হয়ে একটি বাক্য গঠন করেছে সেহেতু এটি একটি যৌগিক বাক্য।

7. Which is the correct passive form of : We must write to him.

(ক) He must be written to.

(খ) He must be written by us.

(গ) He must have written to us.

(ঘ) He must write to us.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — Sentence-এর verb যদি phrasal verb হয় তবে তার সাথে যুক্ত preposition passive করার সময়ও verb (past participle)-এর সাথেই থাকবে।
— যেমন : *The boy laughed at the lame man → The lame man was laughed at by the boy.*
— প্রদত্ত sentence-এর ক্ষেত্রেও একই নিয়মে passive form হবে : He must be written to (by us এখানে উহ্য)।

8. কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থটি বাজেয়াপ্ত হয়নি?

(ক) অগ্নি-বীণা
(খ) প্রলয়-শিখা
(গ) চন্দ্রবিন্দু
(ঘ) যুগবাণী

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম রচিত প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২) কখনোই বাজেয়াপ্ত হয়নি।
— ১২টি কবিতা নিয়ে এ গ্রন্থটি প্রকাশিত হয়েছিল, যা উৎসর্গ করা হয় বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে।
— ব্রিটিশ সরকার কর্তৃক নজরুলের বাজেয়াপ্ত গ্রন্থ ৫টি : প্রবন্ধগ্রন্থ— যুগবাণী; কাব্যগ্রন্থ— বিষের বাঁশী, ভাঙার গান, প্রলয়-শিখা; গানের সংকলন— চন্দ্রবিন্দু।

9. 'জুলাই শহীদ স্মৃতি ভবন' কোথায় নির্মিত হবে?

(ক) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(খ) রাজশাহী বিশ্ববিদ্যালয়

(গ) ঢাকা বিশ্ববিদ্যালয়

(ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমান হলের নবনির্মিত ভবনের নাম 'জুলাই শহীদ স্মৃতি ভবন'।
— ১১ তলা এই হল ভবনটিতে ১০০০ ছাত্রের আবাসনের ব্যবস্থা রয়েছে।
— ভবনটি উদ্বোধন করা হয় ১ ফেব্রুয়ারি ২০২৫।

10. দশম শতকের কোন লিপি থেকে বাংলা লিপি এসেছে?

(ক) খরোষ্ঠী লিপি
(খ) কুটিল লিপি
(গ) নাগরী লিপি
(ঘ) গুপ্ত লিপি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — বাংলা লিপি বাংলা ভাষার নিজস্ব লিপি যার উদ্ভব কুটিল লিপি থেকে।
— প্রাচীন ভারতীয় লিপি দুটি— ব্রাহ্মী ও খরোষ্ঠী লিপি। ব্রাহ্মী লিপির আবার তিনটি রূপ— পূর্বী লিপি, মধ্য ভারতীয় লিপি ও পশ্চিমা লিপি।
— পূর্বী লিপির কুটিল রূপ থেকে বাংলা লিপির উদ্ভব ঘটেছে। কুটিল লিপির প্রধানত দুটি রূপ। যথা : উত্তর ভারতীয় ও দক্ষিণ ভারতীয়।
— পূর্বভারতীয় রূপ থেকেই বাংলা লিপির উৎপত্তি হয়। ষষ্ঠ খ্রিষ্টাব্দ থেকে এর বিবর্তন শুরু হয় এবং দশম শতকে বহু বিবর্তনের মাধ্যমে মূল বাংলা বর্ণমালায় পরিণত হয়।

11. সংবিধান সংস্কার কমিশন প্রস্তাবিত উচ্চকক্ষের সদস্য সংখ্যা কত?

(ক) ১০০
(খ) ২০০
(গ) ১০৫
(ঘ) ১১০

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — একটি কার্যকর গণতন্ত্র, মৌলিক মানবাধিকার সুনিশ্চিতকরণ এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে সাতটি প্রধান বিষয়কে গুরুত্ব দিয়ে অধ্যাপক আলী রীয়াজকে কমিশনের প্রধান করে ৭ অক্টোবর ২০২৫ সংবিধান সংস্কার কমিশন গঠিত হয়।
— এ কমিশন একটি দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার প্রস্তাব করে। যথা :
(i) একটি নিম্নকক্ষ, যার নাম জাতীয় সংসদ (National Assembly)
(ii) একটি উচ্চকক্ষ, যার নাম সিনেট (Senate)।
— নিম্নকক্ষের আসন সংখ্যা হবে ৪০০ জন এবং উচ্চকক্ষের আসন সংখ্যা হবে ১০০ জন। উভয় কক্ষের মেয়াদ হবে ৪ বছর।

12. রোহিঙ্গাদের আবাসস্থল মিয়ানমারের রাখাইন প্রদেশ বর্তমানে কার নিয়ন্ত্রণে আছে?

(ক) মিয়ানমার জান্তা সরকার

(খ) আরাকান আর্মি

(গ) বিরোধী ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট

(ঘ) কোনোটিই নয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — রোহিঙ্গাদের আবাসস্থল মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় রাজ্য রাখাইন, যা বর্তমানে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির নিয়ন্ত্রণে।
— ২০ ডিসেম্বর ২০২৪, আরাকান আর্মির এক বিবৃতিতে পশ্চিমাঞ্চলীয় রাখাইন প্রদেশে সামরিক কমান্ডের পতনের বিষয়টি জানানো হয়।
— উল্লেখ্য, আরাকান আর্মি ২০২৩ সালের অক্টোবরে মিয়ানমারের সরকার বিরোধী অভিযান শুরু করে।

BCS PIONEER

13. অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক গঠিত সংবিধান সংস্কার কমিশনের সভাপতি কে ছিলেন?

(ক) জনাব বদিউল আলম মজুমদার
(খ) জনাব আলী রিয়াজ
(গ) জনাব আব্দুল মুয়ীদ চৌধুরী
(ঘ) জনাব ইফতেখারুজ্জামান

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — একটি কার্যকর গণতন্ত্র, মৌলিক মানবাধিকার সুনিশ্চিতকরণ এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে ৭টি প্রধান বিষয়কে গুরুত্ব দিয়ে অধ্যাপক আলী রীয়াজকে প্রধান করে ৭ অক্টোবর ২০২৫ সংবিধান সংস্কার কমিশন গঠিত হয়।

14. জহির রায়হানের গল্পগ্রন্থ কোনটি?

(ক) পানতৌড়ির রক্ত
(খ) লেলিহান সূর্য
(গ) নামহীন গোত্রহীন
(ঘ) সূর্যগ্রহণ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'সূর্যগ্রহণ' (১৯৫৫) জহির রায়হানের প্রথম গল্পগ্রন্থ। এ গল্পগ্রন্থে ১৫টি গল্প রয়েছে।
— উল্লেখযোগ্য গল্পসমূহ— সময়ের প্রয়োজনে, সোনার হরিণ, বাঁধ, হারানো বলয়, পোস্টার ইত্যাদি। 'সূর্যগ্রহণ' গল্পটি ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত।
— অন্যদিকে, পানকৌড়ির রক্ত ও নামহীন গোত্রহীন যথাক্রমে আল মাহমুদ ও হাসান আজিজুল হকের গল্পগ্রন্থ।

15. ৪ এপ্রিলের পর নতুন করে শুল্ক আরোপের ফলে চীনা পণ্যের ওপর আমেরিকার শুল্ক এখন কত শতাংশ?

(ক) ২০ শতাংশ
(খ) ৫৪ শতাংশ
(গ) ৫০ শতাংশ
(ঘ) ১০৪ শতাংশ

সঠিক উত্তর: Note
ব্যাখ্যা: — [Note : ৪ এপ্রিলের পর নতুন করে শুল্ক আরোপের ফলে চীনা পণ্যের ওপর আমেরিকার শুল্ক ছিল ১০৪ শতাংশ।
— কিন্তু ২০২৫ সালের আগস্ট মাসে উভয় দেশ এক চুক্তিতে নতুন আদেশ অনুসারে চীনা পণ্যের ওপর মার্কিন শুল্ক ১৪৫ শতাংশ এবং মার্কিন পণ্যের ওপর চীনা শুল্ক ১২৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধি ৯০ দিনের জন্য তথা আগামী ১০ নভেম্বর ২০২৫ পর্যন্ত স্থগিত ঘোষণা করে।
— চুক্তি অনুযায়ী আপাতত যুক্তরাষ্ট্র চীনের পণ্যের ওপর ৩০ শতাংশ শুল্ক এবং চীন যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক বজায় রাখবে।]

16. Fill in the blank : His past mistakes counts ____ him.

(ক) down
(খ) up
(গ) against
(ঘ) for

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — কোনোকিছু কারও বিপক্ষে যাওয়া, অসুবিধা তৈরি করা বোঝাতে count against ব্যবহৃত হয়।
— 'তার অতীতের ভুলগুলোই তার সমস্যার কারণ' অর্থ প্রকাশে count-এর পর against preposition সঠিক।

17. New software system is top-notch. Top-notch means :

(ক) Ordinary
(খ) Outdated
(গ) High quality
(ঘ) User-friendly

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — Top-notch অর্থ সর্বোত্তম বা প্রথম শ্রেণির। অর্থাৎ high quality।
— অন্যদিকে, ordinary- সাধারণ/প্রচলিত, outdated- সেকেলে/প্রাচীন এবং user friendly- ব্যবহারবান্ধব যেগুলো এখানে অপ্রাসঙ্গিক।

18. Select the sentence having correct sub-verb agreement :

(ক) I had my door open.
(খ) He talks as if he was a king.
(গ) The jury was not from the same city.
(ঘ) He ran fast lest he should have miss the train.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — Subject-verb agreement অনুযায়ী, অপশন (ক)-তে 'Collective noun দ্বারা অখণ্ড সমষ্টিকে বোঝালে verb-টি singular হয়' এই নিয়মটির শুদ্ধ প্রয়োগ হয়েছে। (এখানে ব্যাখ্যার সাথে অপশনের মিল নেই। গাইড বইয়ের ব্যাখ্যায় ভুল আছে। 'I had my door open' বাক্যটি সঠিক)।
— বাকি option-গুলোর সঠিক form যথাক্রমে: (খ) He talks as if he were a king. (গ) The jury were not from the same city. (ঘ) He ran fast lest he should miss the train।

19. কোন দেশ বিশ্বের প্রথম ডিজিটাল রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পেতে যাচ্ছে?

(ক) সিঙ্গাপুর
(খ) এস্তোনিয়া
(গ) টুভ্যালু
(ঘ) মালদ্বীপ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — ৯টি ক্ষুদ্র প্রবাল দ্বীপ নিয়ে গঠিত প্রশান্ত মহাসাগরের মাঝে অবস্থিত ওশেনিয়া মহাদেশের ছোট একটি দ্বীপ দেশ টুভ্যালু।
— জলবায়ু পরিবর্তনের কারণে ভবিষ্যতে টুভ্যালুর অস্তিত্ব না থাকলেও যাতে তার ভূ-প্রকৃতি, সংস্কৃতি ও সৌন্দর্য ইতিহাসের পাতায় ধরে রাখা

BCS PIONEER

যায় সেজন্য দেশটির সরকার টুভ্যালুর ডিজিটাল কপি তৈরির কাজ শুরু করেছে।
— ডিজিটাল রাষ্ট্র হিসেবে টুভ্যালু যাতে ভবিষ্যতে টিকে থাকে সেজন্য এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কারণ জলবায়ু বিশেষজ্ঞদের মতে, ২০৫০ সালের মধ্যে টুভ্যালুর ভূমি সমুদ্রগর্ভে বিলীন হতে পারে।

20. কোন ধর্মটি ভারত উপমহাদেশে উদ্ভব হয়নি?

(ক) বৌদ্ধ ধর্ম
(খ) জৈন ধর্ম
(গ) শৈব ধর্ম
(ঘ) জেন ধর্ম

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — জেন ধর্ম হলো বৌদ্ধ ধর্মের একটি শাখা, যা চীনে উদ্ভূত হয়েছে এবং পরে কোরিয়া ও জাপানসহ পূর্ব এশিয়ার অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে।
— অন্যদিকে, শৈবধর্ম হিন্দুধর্মের একটি শাখা এবং জৈন ধর্ম একটি প্রাচীন ভারতীয় ধর্ম যা অহিংস, সত্য ও সংযমকে প্রধান নীতি হিসেবে অনুসরণ করে।

21. রবীন্দ্রনাথ ঠাকুর 'পূরবী' কাব্য কাকে উৎসর্গ করেন?

(ক) মৈত্রেয়ী দেবী
(খ) ভিক্টোরিয়া ওকাম্পো
(গ) কাদম্বরী দেবী
(ঘ) উইলিয়াম রদেনস্টাইন

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — 'পূরবী' (১৯২৫) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' পর্বের একটি কাব্যগ্রন্থ। এ কাব্যগ্রন্থের কবিতাগুলো ১৯২৪ থেকে ১৯৩০ বঙ্গাব্দের মধ্যে রচিত হয়েছে।
— ১৯৩১ বঙ্গাব্দে ইউরোপ ও দক্ষিণ আমেরিকা ভ্রমণের সময় কবিতাগুলো এ কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়। এ কাব্যগ্রন্থে মোট ৭৮টি কবিতা রয়েছে।
— এটি উৎসর্গ করা হয় আর্জেন্টাইন কবি ও লেখিকা ভিক্টোরিয়া ওকাম্পোকে।
— রবীন্দ্রনাথ তাকে বিজয়া সম্বোধন করতেন এবং এ কাব্যগ্রন্থের উৎসর্গপত্রে কবি লিখেছেন 'বিজয়ার করকমলে'।

22. ২০২৫ সালের কপ-৩০ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?

(ক) আজারবাইজান
(খ) ব্রাজিল
(গ) মিসর
(ঘ) ইরান

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — জাতিসংঘ জলবায়ু পরিবর্তনবিষয়ক সম্মেলন কপ-৩০ অনুষ্ঠিত হবে ২০২৫ সালের ১০-২১ নভেম্বর, ব্রাজিলের বেলেম শহরে।
— উল্লেখ্য, কপ-২৯ সম্মেলন অনুষ্ঠিত হয় ১১-২২ নভেম্বর ২০২৪, আজারবাইজানের বাকু শহরে।

23. 'বাংলাদেশ' শব্দে আছে—

(ক) ১টি মুক্তাক্ষর, ২টি বদ্ধাক্ষর
(খ) ২টি মুক্তাক্ষর, ২টি বদ্ধাক্ষর
(গ) ২টি মুক্তাক্ষর, ৩টি বদ্ধাক্ষর
(ঘ) ৩টি মুক্তাক্ষর, ১টি বদ্ধাক্ষর

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে অক্ষর (Syllable) বলে।
— যেমন— 'বাংলাদেশ' শব্দে ৩টি অক্ষর আছে 'বাং + লা + দেশ'। এর মধ্যে মুক্তাক্ষর ১টি এবং বদ্ধাক্ষর ২টি। (ব্যাখ্যায় ভুল আছে, উত্তরে ২ মুক্ত, ২ বদ্ধ দেওয়া। বাং-লা-দেশ: বাং (বদ্ধ), লা (মুক্ত), দেশ (বদ্ধ)। অর্থাৎ ১টি মুক্তাক্ষর, ২টি বদ্ধাক্ষর। অপশন ক সঠিক হওয়ার কথা, কিন্তু গাইড বইয়ে খ দেওয়া)।
— যে অক্ষর উচ্চারণের সময় আটকে যায় না বা ইচ্ছেমতো টেনে পড়া যায় তাকে মুক্তাক্ষর বলে। অন্যদিকে, যে অক্ষর উচ্চারণের সময় আটকে যায় বা ভেঙে যায় তাকে বদ্ধাক্ষর বলে।

24. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী বাংলাদেশের মাথাপিছু আয় (মা. ডলার) কত?

(ক) ২৭৮৪
(খ) ২৩১৪
(গ) ২৪১৪
(ঘ) ২৫১৪

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী, বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় ২,৭৮৪ মার্কিন ডলার।
— উল্লেখ্য, বিবিএস রিপোর্ট ২০২৫ অনুযায়ী, সাময়িক হিসেবে মাথাপিছু আয় ২,৮২০ মার্কিন ডলার ও জিডিপি ২,৬৭১ মার্কিন ডলার।

25. Fill in the blanks : Please stop ____ so many mistakes.

(ক) make
(খ) making
(গ) makes
(ঘ) to make

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — যখন কোনো বিষয় বা কাজ আর চালিয়ে যাওয়া সম্ভব না, তখন stop + verb + ing form হয়।
— প্রদত্ত sentence-এ-ও প্রচুর ভুল বন্ধ করার কথা বোঝানো হয়েছে, তাই এখানে সঠিক উত্তর হবে making।

26. জাতিসংঘ মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের নাম কী?

(ক) ভলকার তুর্ক
(খ) মিশেল ব্যাশেলে
(গ) রিকার্ডো লাগোস
(ঘ) অন্দ্রে আজুলে

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — ভলকার তুর্ক অস্ট্রিয়ান আইনজীবী, কূটনীতিক ও জাতিসংঘের কর্মকর্তা।
— ৮ সেপ্টেম্বর ২০২২, তাকে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার হিসেবে নির্বাচিত করা হয় এবং ১৭ অক্টোবর ২০২২, তিনি এ দায়িত্ব গ্রহণ করেন।
— এছাড়াও তিনি জেনেভায় অবস্থিত UNHCR-এর আন্তর্জাতিক সুরক্ষা বিভাগের পরিচালক ছিলেন।

27. Fill in the blank : The MRT rail runs ____ time.

(ক) in
(খ) on
(গ) by
(ঘ) out

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — কোনোকিছু একদম সঠিক সময়ে পরিচালিত হওয়া বোঝাতে 'on' preposition হিসেবে time-এর পূর্বে ব্যবহৃত হয়।

28. We loathe corruption. 'Loathe' means :

(ক) Compromise
(খ) Point out
(গ) Accept
(ঘ) Dislike

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'Loathe' শব্দের অর্থ অপছন্দ করা, তীব্র ঘৃণা করা, অর্থাৎ dislike।
— অন্যদিকে, compromise- আপস করা, point out- চিহ্নিত করা এবং accept- গ্রহণ করা।

29. জুলাই আন্দোলনের শহিদ আবু সাঈদ কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?

(ক) রাজশাহী বিশ্ববিদ্যালয়
(খ) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(গ) রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়
(ঘ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — জুলাই আন্দোলনে শহিদ আবু সাঈদ ছিলেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের একজন শিক্ষার্থী।
— তার জন্ম রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার বাবনপুর গ্রামে।
— কোটা সংস্কার আন্দোলন চলাকালে তিনি ১৬ জুলাই ২০২৪ পুলিশের গুলিতে শহিদ হন।

30. Fill in the blank : We went out ____ the cold weather.

(ক) although
(খ) however
(গ) between
(ঘ) despite

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Noun অথবা noun phrase-এর পূর্বে 'কোনোকিছু সত্ত্বেও' অর্থে Inspite of/Despite ব্যবহৃত হয়।
— এখানে ঠান্ডা আবহাওয়া সত্ত্বেও আমরা বাইরে গেলাম অর্থ প্রকাশে Despite সঠিক উত্তর।

31. Choose the correct sentence :

(ক) Who belongs to this book?
(খ) Who does the book belong to?
(গ) Whom does the book belong?
(ঘ) To who the book belong?

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — কোনোকিছু কারও মালিকানাধীন বা অধীনে থাকা বোঝাতে belong to ব্যবহৃত হয়।
— আর wh-যুক্ত interrogative sentence-এর সঠিক নিয়ম : *wh-word + auxiliary verb + subject + main verb + প্রশ্নবোধক চিহ্ন (?)*
— উক্ত নিয়মে সঠিক উত্তর অপশন (খ) Who does the book belong to?

32. 'মৈমনসিংহ গীতিকা'র পালাগুলো সংগ্রহ করেন—

(ক) হরপ্রসাদ শাস্ত্রী
(খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(গ) চন্দ্রকুমার দে
(ঘ) দীনেশচন্দ্র সেন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'মৈমনসিংহ গীতিকা' (১৯২৩) ময়মনসিংহ অঞ্চলের প্রাচীন পালাগানের সংকলন।
— ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় মৈমনসিংহ গীতিকার পালাগুলো সংগ্রহ/সংকলন করেন চন্দ্রকুমার দে।
— উল্লেখ্য, 'মৈমনসিংহ গীতিকা' সম্পাদনা করেন ড. দীনেশচন্দ্র সেন।

33. Fill in the blank : French people love cooking ____ the English don't seem to be interested.

(ক) when
(খ) whenever
(গ) where
(ঘ) whereas

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — 'Whereas' conjunction-টি সাধারণত দুটি বিপরীতমুখী ধারণার বা বিষয়ের মধ্যে তুলনা করতে ব্যবহৃত হয়।
— এখানে দুটি clause-এর মধ্যে প্রথমটি দেখাচ্ছে ফরাসিরা রান্না

BCS PIONEER

পছন্দ করে এবং দ্বিতীয়টি ইংরেজরা তেমন আগ্রহী নয় বোঝাচ্ছে। তাই এদের যুক্ত করতে whereas সঠিক উত্তর।

34. Fill in the blank : He ____ robbed while he was walking out of the Bank.

(ক) was (খ) got
(গ) did (ঘ) has been

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — প্রদত্ত sentence-টির বাংলা অর্থ এরকম- সে ডাকাতির শিকার হয়েছে যখন সে ব্যাংকের বাইরে হাঁটছিল।
— অর্থাৎ subject নিজে কাজ করেনি, অন্যের মাধ্যমে কাজটি সম্পন্ন হয়েছে। তাই এটি causative verb।
— অপশনে প্রদত্ত verb-সমূহের মধ্যে got (get) হলো causative verb।
— এমন আরও কিছু causative verb হলো : *let, inform, raise, teach, help, have, make* প্রভৃতি।

35. 'রুখের তেন্তুলি কুম্ভীরে খাই'— চর্যার এই লাইনটির অর্থ কী?

(ক) কাঁচা তেঁতুল কুমারী খায়। (খ) কাঁচা তেঁতুল কুমির খায়।
(গ) গাছের তেঁতুল কুমিরে খায়। (ঘ) গাছের তেঁতুল কুমারী খায়।

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'রুখের তেন্তুলি কুম্ভীরে খাই'-এর অর্থ 'গাছের তেঁতুল কুমিরে খায়'।
— চর্যাপদের মহিলা কবি কুক্কুরীপা রচিত ২ নং পদে উক্ত কথাটি পাওয়া যায়।

36. সম্প্রতি কতজন রোহিঙ্গাকে মিয়ানমার জান্তা সরকার 'প্রত্যাবাসনযোগ্য' বলে স্বীকৃতি দিয়েছে?

(ক) ১,৮০,০০০ (খ) ২,০০,০০০
(গ) ১,৫০,০০০ (ঘ) ৫০,০০০

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — ২-৪ এপ্রিল ২০২৫, থাইল্যান্ডের ব্যাংকে ষষ্ঠ বিমসটেক সম্মেলনে মিয়ানমারের উপ-প্রধানমন্ত্রী এবং বাংলাদেশের প্রধান উপদেষ্টার হাই রিপ্রেজেন্টেটিভ এক বৈঠক অনুষ্ঠিত হয়।
— উক্ত বৈঠকে বাংলাদেশে আশ্রয় নেওয়া ১,৮০,০০০ জন রোহিঙ্গাকে প্রত্যাবাসনের জন্য যোগ্য হিসেবে চিহ্নিত করে মিয়ানমার।

37. মধ্যযুগের নারী কবি কে?

(ক) কামিনী রায় (খ) চন্দ্রাবতী
(গ) স্বর্ণকুমারী দেবী (ঘ) কুক্কুরীপা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — মধ্যযুগের নারী কবি চন্দ্রাবতী। তিনি ১৫৫০ খ্রিষ্টাব্দে কিশোরগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন।
— তার পিতা ছিলেন মনসামঙ্গল কাব্যের কবি দ্বিজ বংশীদাস। তার নির্দেশেই চন্দ্রাবতী 'রামায়ণ' রচনা করেন, যা 'চন্দ্রাবতী রামায়ণ' নামে পরিচিত।
— এটি ছাড়াও তিনি 'মলুয়া' ও 'দস্যু কেনারামের পালা' রচনা করেন।

38. প্রমিত বানান কোনটি?

(ক) ষ্টেজ (খ) সেক্সুরী
(গ) সুপ্তি (ঘ) শূণ্য

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — প্রমিত বানান 'সুপ্তি'।
— অন্যান্য শব্দগুলোর প্রমিত রূপ- স্টেজ, সেক্সুরি, শূন্য।

39. 'জগদ্দল পাথর' অর্থ—

(ক) গুরুভার (খ) অতিরিক্ত প্রত্যাশা
(গ) সচেতন হওয়া (ঘ) ফললাভ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — 'জগদ্দল পাথর' বাগধারার অর্থ 'গুরুভার'।
— আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা: জড়ভরত- জড়ত্বপ্রাপ্ত লোক, জগাখিচুড়ি- বিশৃঙ্খলা, জিলাপির প্যাঁচ- কূটবুদ্ধি, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ- ছোট-বড় সব কাজে সিদ্ধহস্ত, ঝাঁকের কই- একই দলের।
— অন্যদিকে 'সচেতন হওয়া' অর্থে বাগধারা 'টনক নড়া' এবং ফল লাভ অর্থে বাগধারা 'ওষুধ ধরা'।

40. 'রূপ লাগি আঁখি ঝুরে, গুণে মন ভোর'— কার রচনা?

(ক) চণ্ডীদাস (খ) জ্ঞানদাস
(গ) বিদ্যাপতি (ঘ) গোবিন্দদাস

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — মধ্যযুগের ষোড়শ শতাব্দীর কবি জ্ঞানদাসের একটি বিখ্যাত পদ— "রূপ লাগি আঁখি ঝুরে, গুণে মন ভোর/প্রতি অঙ্গ লাগি কাঁদে, প্রতি অঙ্গ মোর।"
— তার আরও একটি বিখ্যাত পদ— "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু/ অনলে পুড়িয়া গেল।"

41. কোনটি বেগম রোকেয়ার রচনা?

(ক) পদ্মাপুরাণ (খ) পদ্মরাগ
(গ) পদ্মাবতী (ঘ) পদ্ম-গোখরো

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — 'পদ্মরাগ' (১৯২৪) বেগম রোকেয়া রচিত উপন্যাসোপম গদ্য আখ্যায়িকা।
— উপন্যাসের গাঁথুনি এর মধ্যে নেই, তাই এটিকে এভাবে বিবেচনা করা হয়। এ গ্রন্থের প্রধান চরিত্র সিদ্দিকার মাধ্যমে নিছক সংসার ধর্মের প্রতিবাদ এবং অর্থনৈতিক স্বাধীনতার মাধ্যমে নারীমুক্তির পথনির্দেশ করা হয়েছে।
— অন্যদিকে, পদ্মাপুরাণ, পদ্মাবতী ও পদ্ম-গোখরো গ্রন্থগুলোর রচয়িতা যথাক্রমে বিজয়গুপ্ত, আলাওল ও কাজী নজরুল ইসলাম।

42. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে'— কোন উপাখ্যানের অংশ?

(ক) কালকেতু উপাখ্যান
(খ) মানসিংহ-ভবানন্দ উপাখ্যান
(গ) শকুন্তলা উপাখ্যান
(ঘ) ভারতচন্দ্র উপাখ্যান

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর রচিত অন্নদামঙ্গল কাব্যের 'মানসিংহ-ভবানন্দ উপাখ্যান'-এর বিখ্যাত উক্তি— "আমার সন্তান যেন থাকে দুধেভাতে"।
— এ কাব্যের বিখ্যাত চরিত্র ঈশ্বরী পাটনীর উক্তি এটি। ঈশ্বরী পাটনী একজন মাঝি যে দেবী চণ্ডীকে নদী পার করেছিল।
— দেবী বর দিতে চাইলে ঈশ্বরী পাটনী তার সন্তানের মঙ্গল কামনায় দেবীর অনুগ্রহ কামনা করে উক্তিটি করে।

43. বাংলাদেশে দারিদ্র্যের হার সবচেয়ে বেশি কোন জেলায়?

(ক) রংপুর
(খ) মাদারীপুর
(গ) কুড়িগ্রাম
(ঘ) সুনামগঞ্জ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ৩০ জানুয়ারি ২০২৫ প্রকাশিত 'বাংলাদেশের দারিদ্র্য মানচিত্র ২০২২' রিপোর্ট অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের মাদারীপুর জেলায় দারিদ্র্যের হার সবচেয়ে বেশি (৫৪.৪%)।
— এবং দারিদ্র্যের হার সবচেয়ে কম নোয়াখালী জেলায় (৬.১%)।

44. Identify the sentence with correct modifier:

(ক) While going to the station, a dog chased me.
(খ) While going to the station, the dog chased me.
(গ) While going to the station, a dog was chasing.
(ঘ) While going to the station, I was chased by a dog.

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Dangling modifier-এর যথোপযুক্ত subject (noun/pronoun) যদি না পাওয়া যায়, তাহলে প্রয়োজনে sentence-টিকে passive করে কাঙ্ক্ষিত subject-টি প্রথমে আনতে হবে।
— যেমন : While going to the class, I was bitten by a dog।
— একইভাবে অপশন (ঘ) While going to the station, I was chased by a dog সঠিক।

45. Fill in the blank : Death does not ____ between the rich and the poor.

(ক) different
(খ) discriminating
(গ) distinguish
(ঘ) distinct

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — প্রদত্ত sentence-এর গঠন দেখে বোঝা যাচ্ছে এখানে মূল verb অনুপস্থিত, কাজেই শূন্যস্থানে verb (base form) বসবে।
— অপশনে প্রদত্ত word-সমূহের মধ্যে কেবল distinguish (ভেদাভেদ বা পার্থক্য করা) verb।

46. 'আমি বিজয় দেখেছি' গ্রন্থের রচয়িতা কে?

(ক) মুনীর চৌধুরী
(খ) সুফিয়া কামাল
(গ) এম. আর. আখতার মুকুল
(ঘ) আতাউল গনি ওসমানী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'আমি বিজয় দেখেছি' এম. আর. আখতার মুকুলের আত্মকাহিনিমূলক গ্রন্থ। এটি বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে রচিত।
— মুক্তিযুদ্ধের পাশাপাশি আগরতলা ষড়যন্ত্র মামলা, বামপন্থি রাজনীতি, জেলজীবন, বঙ্গবন্ধুর সান্নিধ্য ইত্যাদি স্মৃতিরূপে বর্ণিত হয়েছে গ্রন্থটিতে।
— গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ১৯৮৫ সালে।

47. Antonym of 'Empathy' is—

(ক) Warmth
(খ) Cordial
(গ) Apathy
(ঘ) Sympathy

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — Empathy শব্দটির অর্থ- সহানুভূতি, সহমর্মিতা।
— অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর সঠিক antonym হলো apathy (উদাসীন, অনুভূতিহীন)।
— অন্যদিকে warmth- আন্তরিক, cordial- আন্তরিক, sympathy- সহানুভূতি।

48. বর্তমানে বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ কোনটি?

(ক) যুক্তরাষ্ট্র
(খ) চীন
(গ) যুক্তরাজ্য
(ঘ) জাপান

BCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — জুলাই ২০২৫ বাংলাদেশ ব্যাংক প্রকাশিত তথ্যানুযায়ী, ২০২৪ সালে দেশে মোট বিনিয়োগ হয় ১,২৭০.৩৯ মিলিয়ন মার্কিন ডলার এবং বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ যুক্তরাজ্য।
— দেশটির ২০২৪ সালে বাংলাদেশে বিনিয়োগের পরিমাণ ৪০৯.৬১ মিলিয়ন মার্কিন ডলার, যা মোট বিদেশি বিনিয়োগের ৩২.২০%।

49. Which is the correctly spelled word:

(ক) Beaurucracy
(খ) Burocracy
(গ) Bureaucracy
(ঘ) Bureucracy

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — সঠিক বানান Bureaucracy, যার অর্থ আমলাতন্ত্র।

50. চীনের কোন এআই মডেলটি বিশ্বে সাড়া ফেলেছে?

(ক) চ্যাটজিপিটি
(খ) জেমিনি
(গ) গ্রক
(ঘ) ডিপসিক

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — সম্প্রতি বাজারে নতুন সংস্করণ ছেড়ে প্রযুক্তি জগৎ কাঁপিয়ে দিয়েছে চীনা এআই ডিপসিক (DeepSeek)।
— ডিপসিক একটি চীনা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (AI) কোম্পানি, যা দক্ষিণ-পূর্ব চীনের হাংঝু শহরে ২০২৩ সালের জুলাইয়ে প্রতিষ্ঠিত হয়।
— ডিপসিকের সহপ্রতিষ্ঠাতা লিয়াং ওয়েনফেং নিজের একটি হেজ ফান্ডের অর্থ ব্যবহার করে ডিপসিক তৈরি করেন।

51. Find out the synonym of the word : 'Scorch'

(ক) fire
(খ) char
(গ) scald
(ঘ) burn

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: — Scorch শব্দটির অর্থ পুড়ে যাওয়া, ঝলসে যাওয়া।
— অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর synonym হিসেবে সঠিক burn (পুড়ে যাওয়া)।
— অন্যদিকে, fire- আগুন, char- পুড়ে কয়লা হওয়া/কালো করা, scald- গরম তরল পদার্থে বা বাষ্পে দগ্ধ হওয়া/করা।

52. ২০২৫ সালে একুশে পদক পেয়েছেন কতজন?

(ক) ১৭ জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান
(খ) ১২ জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান
(গ) ১৫ জন ব্যক্তি ও ২টি প্রতিষ্ঠান
(ঘ) ১৩ জন ব্যক্তি ও ২টি প্রতিষ্ঠান

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
— একুশে পদক বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে ১৯৭৬ সালে একুশে পদক প্রবর্তন করেন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান।
— বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ১৭ জন বিশিষ্ট নাগরিক ও ১টি প্রতিষ্ঠান (বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল) ২০২৫ সালে একুশে পদক লাভ করে।

53. 'আল-মুকাদ্দিমা' গ্রন্থটির রচয়িতা কে?

(ক) আল কিন্দি
(খ) ইবনে খালদুন
(গ) আল গাজ্জালি
(ঘ) আল ফারাবী

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — চতুর্দশ শতকের আরব ইতিহাসবেত্তা ও মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ দার্শনিক ইবনে খালদুন রচিত বিখ্যাত গ্রন্থ হলো 'আল-মুকাদ্দিমা'।
— তিনি দীর্ঘ চার বছর ধরে এ মহাগ্রন্থটি রচনা করেন। এ গ্রন্থে তিনি সমাজবিজ্ঞান তথা ইতিহাস তত্ত্বের যে ব্যাখ্যা প্রদান করেছেন তা আধুনিক সমাজবিজ্ঞানের ভিত্তি স্থাপন করেছে।
— গ্রন্থটির ইংরেজি অনুবাদ *'The Muqaddimah : An Introduction to History'* নামে পরিচিত।

54. ২০ জানুয়ারি ২০২৫ তারিখে ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো কোন সংস্থা থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করেন?

(ক) বিশ্ব স্বাস্থ্য সংস্থা
(খ) ইউনেস্কো
(গ) জাতিসংঘ শিশু তহবিল
(ঘ) বিশ্ব বাণিজ্য সংস্থা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বিশ্ব স্বাস্থ্য সংস্থার কোভিড-১৯ মহামারির ভুল ব্যবস্থাপনা, যুক্তরাষ্ট্রের নিকট থেকে বেশি অর্থ গ্রহণ এবং চীনের আর্থিক অবদান বিশ্ব স্বাস্থ্য সংস্থায় কম-এই অভিযোগগুলো এনে দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো ২০ জানুয়ারি ২০২৫, নির্বাহী আদেশের মাধ্যমে যুক্তরাষ্ট্রকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে প্রত্যাহার করে নেন।
— উল্লেখ্য, ডোনাল্ড ট্রাম্প ২০২০ সালে প্রথম বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহারের করার আনুষ্ঠানিক পদক্ষেপ গ্রহণ করেছিলেন।

55. She appeared in a non-chalant manner. 'Non-chalant' means :

(ক) Casual
(খ) Firm
(গ) Unusual
(ঘ) Worried

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — Non-chalant অর্থ নির্লিপ্ত, উদাসীন।
— অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে casual (অমনোযোগী, উদাসীন)

BCS PIONEER

একই অর্থ প্রকাশ করে।
— অন্যদিকে, firm- দৃঢ়, unusual- অস্বাভাবিক, worried- চিন্তিত।

56. ইউরোপের কোন দেশটিতে অতি ডানপন্থি রাজনৈতিক দল ক্ষমতায় আছে?

(ক) ফ্রান্স
(খ) জার্মানি
(গ) ইতালি
(ঘ) ব্রিটেন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — ২০২২ সালে ইতালির জাতীয় নির্বাচনে কট্টর বা অতি ডানপন্থি দল ব্রাদার্স অব ইতালি এবং তার মিত্ররা জয়লাভের ফলে দেশটির প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ইউরোপীয় রক্ষণশীল এবং সংস্কার দলের প্রধান জর্জিয়া মেলোনি।
— বিবিসি-এর তথ্যানুযায়ী ইউরোপের অন্তত ১৯টি দেশে বর্তমানে ডানপন্থি রাজনৈতিক দল সক্রিয়।
— উল্লেখ্য, বর্তমানে জার্মানিতে রক্ষণশীল, ফ্রান্সে উদারপন্থি এবং ব্রিটেনে বামপন্থি রাজনৈতিক দল ক্ষমতায় রয়েছে।

57. Fill in the blank : Neither she nor I ____ involved.

(ক) is
(খ) am
(গ) are
(ঘ) were

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: — Neither... nor, either... or দ্বারা যুক্ত subject-এর মধ্যে নিকটবর্তী subject-কে follow করে auxiliary verb ব্যবহৃত হয়।
— এখানে verb-এর নিকটবর্তী subject I।
— তাই I-কে অনুসরণ করে অপশনে প্রদত্ত auxiliary verb-সমূহের মধ্যে am এখানে সঠিক উত্তর।

58. কোন সম্পর্কটি বিসদৃশ?

(ক) গাত্র, তনু
(খ) নেত্র, লোচন
(গ) বারিদি, বারিধি
(ঘ) রবি, অরুণ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — 'বারিদি, বারিধি' এ সম্পর্কটি বিসদৃশ। 'বারিদি' হলো মেঘের সমার্থক এবং 'বারিধি' সমুদ্রের সমার্থক শব্দ।
— অন্যদিকে 'গাত্র, তনু' দেহ-র; 'নেত্র, লোচন' চোখের এবং 'রবি, অরুণ' সূর্যের সমার্থক শব্দ।

59. 'বীরবল' কার ছদ্মনাম?

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(খ) বিহারীলাল চক্রবর্তী
(গ) প্রমথ চৌধুরী
(ঘ) সুকুমার রায়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: — বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম হলো 'বীরবল'।
— তার নিজের সম্পাদিত পত্রিকা 'সবুজপত্র'-এ (১৯১৪) তিনি এ ছদ্মনামে লিখতেন।
— অন্যদিকে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বিহারীলাল চক্রবর্তী ও সুকুমার রায়ের ছদ্মনাম যথাক্রমে— কমলাকান্ত, ভোরের পাখি ও উহ্যনাম পণ্ডিত।

60. কোনটি বিশেষ্য থেকে বিশেষণে রূপান্তরের উদাহরণ?

(ক) স্ত্রী-স্ত্রৈণ
(খ) সৎ-সততা
(গ) প্রচুর-প্রাচুর্য
(ঘ) বন্ধু-বন্ধুত্ব

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: — বিশেষ্য থেকে বিশেষণে রূপান্তরের উদাহরণ 'স্ত্রী-স্ত্রৈণ'।
— এরূপ আরও উদাহরণ : অনুরাগ-অনুরক্ত, অরণ্য-আরণ্যক, উৎকর্ষ-উৎকৃষ্ট, উপন্যাস-ঔপন্যাসিক, হেমন্ত-হৈমন্তিক ইত্যাদি।

BCS PIONEER